# Live MCQ™ কী এবং কেন?

**Live MCQ™** বাংলাদেশের প্রথম প্রতিযোগিতামূলক অনলাইন পরীক্ষাকেন্দ্র। বাংলাদেশের সকল প্রতিযোগিতামূলক পরীক্ষার (যেমন, বিসিএস ও বিভিন্ন চাকরির পরীক্ষা) প্রস্তুতির সময় পরীক্ষার্থীরা বেশ কয়েকটি সমস্যায় পড়েন, সেসব সমস্যার সমাধান করাই **Live MCQ™** এর প্রধান লক্ষ্য। একটু বিস্তারিত বলা যাক –

বাংলাদেশের কয়েকটি চাকরির পরীক্ষা (যেমন, NTRCA, BJS) ছাড়া বাকি প্রায় সব চাকরির প্রিলি পরীক্ষা প্রতিযোগিতামূলক। আপনি পড়াশুনা করলেন, মডেল টেস্টের বইতে পরীক্ষা দিয়ে ভাল নাম্বার পেলেন আর ভাবলেন যে কাট মার্কতো এমনই থাকে তাই প্রস্তুতি ঠিক আছে। আসলেই কি তাই? পরিসংখ্যান বলে, চাকরিভেদে প্রিলিমিনারি পরীক্ষায় পাশ করতে হলে আপনাকে প্রথম ৫-১০% এর মধ্যে থাকতে হবে। কিন্তু চূড়ান্ত পরীক্ষার আগে আপনি কোনভাবেই নিজের অবস্থান জানতে পারছেন না। কারণ, আপনি কখনোই প্রিলি পরীক্ষার আগে আপনার প্রতিদ্বন্দ্বীদের সাথে পরীক্ষা দেয়ার সুযোগ পাচ্ছেন না। যেমন, বিসিএসের প্রিলির জন্য আপনি একা একা মডেল টেস্ট দিয়ে যে প্রশ্নে ১১০ পেলেন এবং আগের বছরের কাট মার্কগুলো দেখে নিশ্চিত ভেবে বসলেন যে প্রস্তুতি ঠিক আছে। আদতে দেখা যাবে, সেই একই প্রশ্নে পরীক্ষা হলে, ৪ লাখ পরীক্ষা দিলে, ২৫ হাজার পাবেন ১২০ এর উপরে। পুরোটাই নির্ভর করছে প্রশ্ন কঠিন না সহজ হলো তার উপর। অর্থাৎ, এই প্রশ্নে পরীক্ষা হলে আপনার পাশ করার কোন সম্ভাবনা নেই বললেই চলে।
প্রস্তুতির প্রকৃত অবস্থান জানতে আপনি যাদের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা করবেন ঠিক তাদের সাথেই পরীক্ষা দিতে হবে, একা নয়।

**Live MCQ™** আপনাকে সেই সুযোগটি করে দিয়েছে। **Live MCQ™** ব্যবহার করে, আপনি -

- ঘরে বসেই বিসিএস এবং অন্যান্য চাকরির জন্য প্রস্তুতি নিতে পারবেন।
- চূড়ান্ত পরীক্ষার মত একটি নির্দিষ্ট সময়ে হাজারো পরীক্ষার্থীর সাথে Live পরীক্ষায়/মডেল টেস্টে অংশগ্রহণ করার সুযোগ পাবেন।
- একই ‘মডেল টেস্টে’ সকল প্রতিযোগীর সাপেক্ষে আপনার প্রস্তুতি এবং অবস্থান সম্পর্কে জানতে পারবেন।
- কোন প্রকার আলাদা পরিশ্রম ও সময় ব্যয় না করে প্রতিটি প্রশ্নের বিস্তারিত ব্যাখ্যা রেফারেন্সসহ পাবেন।
- আপনি যে কোন সময় আর্কাইভ থেকে পুরাতন প্রশ্নপত্র দেখতে ও পড়তে পারবেন এবং এই প্রশ্নে পরীক্ষা দিতে পারবেন।

**Live MCQ™** এর অন্যতম বৈশিষ্ট্যসমূহ:

- ✓ প্রকৃত প্রতিযোগীদের সাথে একই সময়ে **LIVE** মডেল টেস্ট।
- ✓ পুরোপুরি বিজ্ঞাপনমুক্ত (Ad Free)।
- ✓ চূড়ান্ত পরীক্ষা সম্পন্ন হওয়ার পূর্ব পর্যন্ত নিয়মিত মডেল টেস্ট।
- ✓ বিষয়ভিত্তিক প্রস্তুতির জন্য রয়েছে টপিকগুরু।
- ✓ প্রতি সপ্তাহে ২০০ মার্কের ফ্রি মডেল টেস্ট।
- ✓ স্মার্ট সার্চের মাধ্যমে যে কোন প্রশ্নের উত্তর ও ব্যাখ্যা সহজেই খুঁজে পাওয়ার সুযোগ।
- ✓ কনফিউজিং ও বিতর্কিত সমস্যা নিয়ে বিশ্লেষণমূলক আলোচনা **(তথ্যকল্পদ্রুম)**।
- ✓ নিজের মত করে টপিক, প্রশ্নসংখ্যা ও সময় নির্ধারন করে কুইজ পরীক্ষা দেয়ার সুযোগ।
- ✓ বিষয়ভিত্তিক ভিডিয়ো ক্লাস ও ক্লাস টপিকের উপর পরীক্ষা।
- ✓ প্রতি পরীক্ষার শেষে ভুল ও ছেড়ে দেয়া প্রশ্নগুলো একসাথে দেখতে পাবেন Wrong and Unasnwered বাটনে।
- ✓ পরিবর্তিত তথ্যের জন্য রয়েছে **ডায়নামিক ইনফো প্যানেল**।
- ✓ নিয়মিত রিয়েল জবের উপর লাইভ পরীক্ষা ও জব সল্যুশনের সমৃদ্ধ আর্কাইভ।
- ✓ এপসের মধ্যেই পাবেন স্টাডি গ্রুপে সংযুক্ত হওয়ার সুযোগ।

প্রতিযোগিতার পরীক্ষায় প্রতিযোগিতার মাধ্যমেই প্রস্তুতি নিন। আপনি এই দুইটির যেকোনো একটির মাধ্যমে আমাদের প্ল্যাটফর্ম ব্যবহার করতে পারবেন:

| GET IT ON Google Play | Download on the App Store | |
|---|---|---|
| **Andriod App** | **ios App** | **Website** |
| [Play Store Link] | [App Store Link] | livemcq.com |

আমরা বিশ্বাস করি যে, **Live MCQ™** আপনার প্রস্তুতিকে একধাপ এগিয়ে নিয়ে আপনার চূড়ান্ত লক্ষ্যে পৌঁছে দিতে সহযোগিতা করবে।
আপনার উজ্জ্বল ভবিষ্যতের জন্য শুভকামনা ও অকৃত্রিম ভালোবাসা রইল।
**CrackTech, Bangladesh**

# Live MCQ™ Idioms, Phrases and Proverbs

**Sources:** *Cambridge, Oxford, Merriam-Webster, Collins, Macmillan, Bangla Academy Dictionary.*

| # | Idiom / Phrase | Meaning | Example |
|---|---|---|---|
| 1 | (Get) by-heart | *English Meaning:* *To learn something in such a way that you can say it from memory.*<br>*Bangla Meaning:* *মুখস্থ করা* | **Ex. Sentence:** 1. To be successful in the BCS exam we have to get a lot of information by heart.<br>**Bangla Meaning:** ১. বিসিএসে সফল হওয়ার জন্য আমাদেরকে অনেক তথ্য মনে রাখতে হয়। |
| | | | **Ex. Sentence:** 2. My father can still recite the poems he learned by heart at school.<br>**Bangla Meaning:** ২. আমার বাবা তার স্কুলের কবিতা এখনো মুখস্থ আবৃত্তি করতে পারে। |
| 2 | A (or one's) bounden duty | *English Meaning:* *a responsibility regarded by oneself or others as obligatory.*<br>*Bangla Meaning:* *অবশ্য পালনীয় / কর্তব্য* | **Ex. Sentence:** It is our bounden duty to respect the teachers.<br>**Bangla Meaning:** শিক্ষকদের সম্মান করা আমাদের অবশ্য কর্তব্য। |
| 3 | A bed of roses | *English Meaning:* *a place or situation of agreeable ease*<br>*Bangla Meaning:* *আরামদায়ক বা সুখকর অবস্থা* | **Ex. Sentence:** Farming is no bed of roses.<br>**Bangla Meaning:** কৃষিকাজ কোনো সহজ ব্যাপার নয়। |
| 4 | A bed of thorns | *English Meaning:* *Difficult time or situation.*<br>*Bangla Meaning:* *কঠিন পরিস্থিতি / কণ্টকশয্যা* | **Ex. Sentence:** Life is not so easy; it is a bed of thorns.<br>**Bangla Meaning:** জীবন এত সহজ নয়, এটা একটা কণ্টক শয্যা। |
| 5 | A bird's eye view | *English Meaning:* *1. A general view from above.*<br>*Bangla Meaning:* *১. উপর থেকে এক নজরে দেখা* | **Ex. Sentence:** Climb to the top of the Eiffel Tower if you want a bird's eye view of Paris.<br>**Bangla Meaning:** আইফেল টাওয়ারের চূড়ায় উঠে প্যারিসকে এক নজরে দেখা যায়। |
| | | *English Meaning:* *2. An overall or cursory look at something.*<br>*Bangla Meaning:* *২. এক নজরে কোন কিছু সার্বিক বা ভাসা ভাসা দেখা* | |
| 6 | A black sheep | *English Meaning:* *1. a disfavored or disreputable member of a group.*<br>*Bangla Meaning:* *দুশ্চরিত্র, কুলাঙ্গার* | **Ex. Sentence:** 1. Jonny is the black sheep, he brought disgrace to his family.<br>**Bangla Meaning:** ১. জনি একটা কুলাঙ্গার, সে তার পরিবারের জন্য দুর্নাম বয়ে এনেছে। |
| | | *English Meaning:* *2. a member of a family or group who is regarded as a disgrace to it.* | **Ex. Sentence:** 2. Every family has a black sheep, and I guess I was the one for our family.<br>**Bangla Meaning:** ২. সব পরিবারেই একজন কুলাঙ্গার থাকে, এবং আমাদের পরিবারে মনে হয় আমিই সেই কুলাঙ্গার। |
| 7 | A bolt from the blue | *English Meaning:* *1. a sudden and unexpected event or piece of news.*<br>*Bangla Meaning:* *১. অপ্রত্যাশিত ঘটনা বা খবর* | **Ex. Sentence:** 1. The news of his accident was like a bolt from the blue.<br>**Bangla Meaning:** ১. তার দুর্ঘটনার সংবাদ একেবারেই অপ্রত্যাশিত ছিলো। |
| | | *English Meaning:* *2. a complete surprise.*<br>*Bangla Meaning:* *২. সম্পূর্ণরূপে বিস্মিত হওয়া* | **Ex. Sentence:** 2. The job came like a bolt from the blue.<br>**Bangla Meaning:** ২. চাকুরিটা হঠাৎ করে (অপ্রত্যাশিতভাবে) হয়ে গেলো। |
| 8 | A close shave | *English Meaning:* *1. a narrow escape*<br>*Bangla Meaning:* *১. অল্পের জন্য বেঁচে যাওয়া* | **Ex. Sentence:** The passengers in the jeep had a close shave when a mine exploded just a few yards away<br>**Bangla Meaning:** জিপের কয়েক গজের মধ্যে মাইন বিস্ফোরিত হলেও এর যাত্রীরা অল্পের জন্য বেঁচে গিয়েছে। |
| | | *English Meaning:* *2. a situation in which you come very close to a dangerous situation.*<br>*Bangla Meaning:* *২. বড় বিপদের হাত থেকে বাঁচা* | |

| | | | |
|---|---|---|---|
| 9 | **A cog in a / the machine** | *English Meaning:* a small or insignificant member of a larger organization or system.<br>*Bangla Meaning:* বড় স্থানের অগুরুত্বপূর্ণ ব্যক্তি (তার কাজ জরুরি হওয়া সত্ত্বেও) | **Ex. Sentence:** Running your own organisation is a big change from just being a cog in the machine.<br>**Bangla Meaning:** এখানে নগন্য অংশ হয়ে থাকা থেকে তোমার নিজের প্রতিষ্ঠান চালানোটা বিশাল পরিবর্তন। |
| 10 | **A dark horse** | *English Meaning:* 1. a usually little-known contender (such as a racehorse) that makes an unexpectedly good showing.<br>*Bangla Meaning:* ১. স্বল্প পরিচিত কোন প্রতিযোগী (বিশেষত, ঘোড়দৌড়ের ঘোড়া) অপ্রত্যাশিতভাবে প্রতিযোগীতায় ভালো করা।<br>*English Meaning:* 2. mysterious person who keeps their interests and ideas secret.<br>*Bangla Meaning:* ২. রহস্যময় ব্যক্তি যে তার উদ্দেশ্য গোপন রাখে | **Ex. Sentence:** Bangladesh cricket team could be the dark horse for the upcoming World Cup.<br>**Bangla Meaning:** আসন্ন বিশ্বকাপে বাংলাদেশ ক্রিকেট দল বাজির ঘোড়া হতে পারে। |
| 11 | **Be a far cry from / far cry** | *English Meaning:* 1. something notably different.<br>*Bangla Meaning:* ১. উল্লেখযোগ্য পরিমাণ পার্থক্য<br>*English Meaning:* 2. a long distance.<br>*Bangla Meaning:* ২. পার্থক্য বা বিশাল ব্যবধান | **Ex. Sentence:** This flat is a far cry from the house they had before.<br>**Bangla Meaning:** ফ্ল্যাটটি তাদের আগের বাসা থেকে অনেক দূরে অবস্থিত। |
| 12 | **A fish out of water** | *English Meaning:* someone who is uncomfortable in a specific situation.<br>*Bangla Meaning:* অস্বস্তিকর অবস্থা / বেকায়দা অবস্থা | **Ex. Sentence:** I felt like a fish out of water at my new school.<br>**Bangla Meaning:** আমি আমার নতুন স্কুলে খুব অস্বস্তিতে ছিলাম। |
| 13 | **A fool's paradise** | *English Meaning:* 1. a state of happiness based on a person's not knowing about or denying the existence of potential trouble.<br>*Bangla Meaning:* ১. না জেনে / পরিস্থিত খারাপ তা অনুধাবন না করে / সম্ভাব্য খারাপ অবস্থা অস্বীকার করে সুখী হওয়ার ভান করা<br>*English Meaning:* 2. a state of delusory happiness.<br>*Bangla Meaning:* ২. ভ্রান্ত সুখ (বোকার স্বর্গ) | **Ex. Sentence:** They were living in a fool's paradise, refusing to accept that they were in debt.<br>**Bangla Meaning:** তাদের ঋণগ্রস্থতার কথা অস্বীকার করে তারা বোকার স্বর্গে বাস করছিলো। |
| 14 | **A forgone conclusion** | *English Meaning:* a result that can be predicted with certainty; an inevitable result.<br>*Bangla Meaning:* অবশ্যম্ভাবী, পূর্ব নির্ধারিত | **Ex. Sentence:** The result of the election seems to be a foregone conclusion.<br>**Bangla Meaning:** নির্বাচনের ফলাফল অবশ্যম্ভাবী বলে মনে হচ্ছে। |
| 15 | **A hard / tough nut to crack** | *English Meaning:* a difficult problem or an opponent that is hard to beat.<br>*Bangla Meaning:* দুরহ সমস্যা / যখন কোন প্রতিযোগীকে পরাজিত করা কঠিন। | **Ex. Sentence:** Beating Australia in cricket is a hard nut to crack.<br>**Bangla Meaning:** ক্রিকেট খেলায় অস্ট্রেলিয়াকে হারানো খুবই দুরহ কাজ। |
| 16 | **A jaundiced eye** | *English Meaning:* exhibiting or influenced by envy, distaste, or hostility.<br>*Bangla Meaning:* ঈর্ষাপরবশ, পরশ্রীকাতর, বিদ্বেষপরায়ণ ও সংশয়গ্রস্ত মনোভাব | **Ex. Sentence:** He seems to have had a jaundiced eye after the divorce.<br>**Bangla Meaning:** বিবাহবিচ্ছেদের পর যেন মনে হচ্ছে সে পরশ্রীকাতর হয়ে গেছে। |
| 17 | **A lame excuse** | *English Meaning:* an excuse of poor quality / an inappropriate excuse.<br>*Bangla Meaning:* বাজে অজুহাত | **Ex. Sentence:** However, that is no doubt a lame excuse.<br>**Bangla Meaning:** যাই হোক এটা যে খুবই বাজে একটা ওজুহাত, এ বিষয়ে কোন সন্দেহ নেই। |
| 18 | **A lot of** | *English Meaning:* a large amount.<br>*Bangla Meaning:* প্রচুর পরিমাণে | **Ex. Sentence:** Ifty gave Shihab a lot of money.<br>**Bangla Meaning:** ইফতি শিহাবকে অনেক টাকা পয়সা দিয়েছে। |
| 19 | **A man of letters** | *English Meaning:* a male scholar or author.<br>*Bangla Meaning:* পণ্ডিত / বিদ্বান / লেখক | **Ex. Sentence:** Dr. Shahidullah was a man of letters.<br>**Bangla Meaning:** ড. শহীদুল্লাহ একজন পণ্ডিত / বিদ্বান ব্যক্তি ছিলেন। |
| 20 | **A man of many parts / A man of parts** | *English Meaning:* a man with great ability in many different areas.<br>*Bangla Meaning:* অত্যন্ত দক্ষ / মেধাবী | **Ex. Sentence:** Your brother is a man of parts in this matter.<br>**Bangla Meaning:** এই বিষয়ে তোমার ভাই একজন দক্ষ লোক। |

| | | | |
|---|---|---|---|
| 21 | **A man of straw** | ***English Meaning:*** *1. someone who has a weak character.*<br>***Bangla Meaning:*** *দুর্বল চিত্তের বা চরিত্রের লোক*<br>***English Meaning:*** *2. a person regarded as having no substance or integrity.*<br>***Bangla Meaning:*** *চারিত্রিকভাবে সততা নেই এমন* | **Ex. Sentence:** He was accused by his opponents of being a man of straw.<br>**Bangla Meaning:** তার বিরোধীরা তাকে খারাপ চরিত্রের লোক বলে অভিযোগ করেছিল। |
| 22 | **A piece of cake** | ***English Meaning:*** *an easy task / something easily achieved.*<br>***Bangla Meaning:*** *সহজসাধ্য কাজ বা যা সহজে অর্জন করা যায়* | **Ex. Sentence:** The exam was a piece of cake.<br>**Bangla Meaning:** পরীক্ষাটি খুবই সহজ ছিল। |
| 23 | **A rainy day** | ***English Meaning:*** *a time when money might unexpectedly be needed.*<br>***Bangla Meaning:*** *অভাবের দিন / দুর্দিন* | **Ex. Sentence:** She had saved some money for a rainy day.<br>**Bangla Meaning:** সে দুর্দিনের জন্য কিছু অর্থ সঞ্চয় করে রেখেছিল। |
| 24 | **A sitting duck** | ***English Meaning:*** *an easy or defenseless target.*<br>***Bangla Meaning:*** *সহজ লক্ষ্যবস্তু / যাকে আক্রমণ করা সহজ* | **Ex. Sentence:** With their bullets all gone, the soldiers were sitting ducks for the enemy.<br>**Bangla Meaning:** সব বুলেট শেষ হয়ে যাওয়ায় সৈন্যরা এখন শত্রুদের সহজ লক্ষ্যে পরিণত হয়েছে। |
| 25 | **A slow coach** | ***English Meaning:*** *a person who acts or moves slowly.*<br>***Bangla Meaning:*** *খুবই অলস* | **Ex. Sentence:** A slow coach can't shine in life.<br>**Bangla Meaning:** অলস ব্যক্তি জীবনে উন্নতি লাভ করতে পারে না। |
| 26 | **A snake in the grass** | ***English Meaning:*** *1. an unpleasant person who cannot be trusted.*<br>***Bangla Meaning:*** *১. যাকে বিশ্বাস করা যায় না*<br>***English Meaning:*** *2. a secretly faithless friend.*<br>***Bangla Meaning:*** *২. অবিশ্বস্ত বন্ধু* | **Ex. Sentence:** A snake in the grass is very dangerous.<br>**Bangla Meaning:** গোপন শত্রু খুব ভয়ংকর জিনিস। |
| 27 | **A square peg in a round hole** | ***English Meaning:*** *a person in a situation unsuited to their abilities or character.*<br>***Bangla Meaning:*** *অনুপযুক্ত / বেমানান* | **Ex. Sentence:** He never quite fitted in when he was working here - he was always a bit of a square peg.<br>**Bangla Meaning:** সে যখন এখানে কাজ করতো তখন মানিয়ে নিতে পারে নি, সে বরাবরই এখানে বেমানান ছিলো। |
| 28 | **A storm in a teacup / Tempest in a teapot** | ***English Meaning:*** *great outrage or excitement about a trivial matter.*<br>***Bangla Meaning:*** *চায়ের কাপে ঝড় / তুচ্ছ বিষয় নিয়ে তুমুল হট্টগোল* | **Ex. Sentence:** It wasn't corruption, but it wasn't a storm in a teacup either.<br>**Bangla Meaning:** দুর্নীতি হয় নি, কিন্তু ব্যাপারটি তুচ্ছও ছিল না। |
| 29 | **A strong stomach** | ***English Meaning:*** *an ability to see or do unpleasant things without feeling sick or squeamish.*<br>***Bangla Meaning:*** *দৃঢ় চিত্ত* | **Ex. Sentence:** You need a strong stomach to watch that horror movie.<br>**Bangla Meaning:** ভয়ের এই মুভিটি দেখার জন্য তোমাকে দৃঢ় চিত্তের অধিকারী হতে হবে। |
| 30 | **A tall order** | ***English Meaning:*** *an unreasonable or difficult demand / something that is very difficult to do.*<br>***Bangla Meaning:*** *অযৌক্তিক আবদার বা দুরূহ চাহিদা যা পূরণ করা কঠিন* | **Ex. Sentence:** It's a bit of a tall order to complete this within a day.<br>**Bangla Meaning:** একদিনের মধ্যে এটা সম্পন্ন করা একটু কঠিনই বটে। |
| 31 | **A thorn in the flesh / A thorn in someone's side** | ***English Meaning:*** *1. source of continual annoyance or trouble.*<br>***Bangla Meaning:*** *সর্বদাই বিরক্তি বা সমস্যা উৎপাদনকারী*<br>***English Meaning:*** *2. a person or thing that repeatedly annoys someone or something or causes problems.*<br>***Bangla Meaning:*** *কাবাবে হাড্ডি* | **Ex. Sentence:** His presence in our group is like a thorn in the flesh.<br>**Bangla Meaning:** আমাদের দলে তার উপস্থিতি অনেকটা কাবাবে হাড্ডির মত। |
| 32 | **A trying time** | ***English Meaning:*** *Times of trouble, struggle, or unhappiness.* | **Ex. Sentence:** They have had a very trying time indeed. |

| | | | |
|---|---|---|---|
| | | *Bangla Meaning:* *কঠিন সময়* | **Bangla Meaning:** আসলেই তাদের খুব কঠিন একটা সময় গিয়েছে। |
| 33 | **A vicious circle / cycle** | *English Meaning:* *a chain of events in which the response to one difficulty creates a new problem that aggravates the original difficulty.*<br>*Bangla Meaning:* *দুষ্টচক্র* | **Ex. Sentence:** Many people get caught / trapped in a vicious circle of dieting and weight gain.<br>**Bangla Meaning:** অনেকেই ডায়েটিং এবং ওজন বৃদ্ধির দুষ্ট চক্রে আটকে থাকে। |
| 34 | **ABC** | *English Meaning:* *1. primary knowledge / basic information.*<br>*Bangla Meaning:* *১. প্রাথমিক জ্ঞান / মৌলিক তথ্য* | **Ex. Sentence:** 1. He doesn't even know the ABC of cooking.<br>**Bangla Meaning:** ১. সে রান্নাবান্নার মূল বিষয়গুলোই জানে না। |
| | | *English Meaning:* *2. very easy.*<br>*Bangla Meaning:* *২. খুবই সহজ* | **Ex. Sentence:** 2. Economics can be as simple as ABC<br>**Bangla Meaning:** ২. ইকোনোমিক্স এবিসি শেখার মতই সহজ। |
| 35 | **Above all** | *English Meaning:* *more than anything else / before every other consideration.*<br>*Bangla Meaning:* *সর্বোপরি / প্রধানত / সর্বাধিক গুরুত্বপূর্ণ* | **Ex. Sentence:** Above all, take good care of your health.<br>**Bangla Meaning:** সর্বোপরি, শরীরের ভালো যত্ন নিও। |
| 36 | **Above board** | *English Meaning:* *Legitimate, honest, and open / in a straightforward manner.*<br>*Bangla Meaning:* *সন্দেহাতীত / সততার ক্ষেত্রে বিতর্কের উর্ধ্বে* | **Ex. Sentence:** The deal was completely open and above board.<br>**Bangla Meaning:** চুক্তিটি ছিল সম্পূর্ণরূপে উন্মুক্ত ও সকল বিতর্কের উর্ধ্বে। |
| 37 | **Above one's station** | *English Meaning:* *beyond one's ability.*<br>*Bangla Meaning:* *সামর্থ্যের বাইরে* | **Ex. Sentence:** Helping you is above my station right now.<br>**Bangla Meaning:** এই মুহূর্তে তোমাকে সহযোগিতা করা আমার সামর্থ্যের বাইরে। |
| 38 | **Achilles heel** | *English Meaning:* *a weakness or vulnerable point.*<br>*Bangla Meaning:* *দুর্বল বা ঝুঁকিপূর্ণ স্থান* | **Ex. Sentence:** Maths has always been my Achilles heel.<br>**Bangla Meaning:** গণিত সর্বদাই আমার বড় দুর্বলতা ছিল। |
| 39 | **Acid test** | *English Meaning:* *a severe or crucial test / the true test of the value of something.*<br>*Bangla Meaning:* *অগ্নিপরীক্ষা / মূল পরীক্ষা* | **Ex. Sentence:** Last group stage match was an acid test for Bangladesh.<br>**Bangla Meaning:** গ্রুপ পর্বের শেষ ম্যাচ বাংলাদেশের জন্য অগ্নিপরীক্ষা। |
| 40 | **Add fuel to the fire / flames** | *English Meaning:* *to make an argument or bad situation worse.*<br>*Bangla Meaning:* *বাজে পরিস্থিতি আরও ঘোলাটে করা (আগুনে ঘি ঢালা)* | **Ex. Sentence:** My request for help added fuel to the fire of his anger.<br>**Bangla Meaning:** তার কাছে সাহায্য চাওয়ায় সে যেন আর রেগে গেলো। |
| 41 | **Add insult to injury** | *English Meaning:* *act in a way that makes a bad situation worse.*<br>*Bangla Meaning:* *কাঁটা ঘায়ে নুনের ছিটা* | **Ex. Sentence:** Asking the employees to accept a pay cut adds insult to their injury.<br>**Bangla Meaning:** কর্মীদেরকে বেতন কমানোর কথা বলায় যেন তাদের কাঁটা ঘায়ে নুনের ছিটার মত লাগলো। |
| 42 | **After all** | *English Meaning:* *despite earlier problems or doubts.*<br>*Bangla Meaning:* *সর্বোপরি* | **Ex. Sentence:** He is after all an honest man.<br>**Bangla Meaning:** সর্বোপরি, তিনি একজন সৎ মানুষ। |
| 43 | **After one's own heart** | *English Meaning:* *having the same opinions or interests.*<br>*Bangla Meaning:* *মনের মত / চিন্তাভাবনা এবং রুচির মিল আছে এমন* | **Ex. Sentence:** She's a woman after my own heart.<br>**Bangla Meaning:** সে আমার মনের মতো একটি মেয়ে। |
| 44 | **Against the clock** | *English Meaning:* *with or within a time constraint.*<br>*Bangla Meaning:* *দ্রুততার সাথে কাজ করা* | **Ex. Sentence:** I had to work against the clock to submit the project within the deadline.<br>**Bangla Meaning:** নির্দিষ্ট সময়ের মধ্যে প্রজেক্ট জমা দেওয়ার জন্য আমাকে অত্যন্ত দ্রুত কাজ করতে হয়েছে। |
| 45 | **Alive and kicking** | *English Meaning:* *healthy and active.*<br>*Bangla Meaning:* *সুস্বাস্থ্য ও প্রাণ শক্তিতে পূর্ণ* | **Ex. Sentence:** The seventy-three - year - old Arnold Schwarzenegger is still alive and kicking. |

| | | | |
|---|---|---|---|
| | | | **Bangla Meaning:** তেহাত্তর বছর বয়সী আর্নল্ড শোয়ার্জেনেগার এখনো অনেক কর্মঠ। |
| 46 | **All along** | ***English Meaning:*** *all the time / from the very beginning.*<br>***Bangla Meaning:*** *সর্বদা / শুরু থেকেই* | **Ex. Sentence:** The teacher has all along advised us to be diligent.<br>**Bangla Meaning:** শিক্ষক আমাদেরকে শুরু থেকেই অধ্যবসায়ী হওয়ার উপদেশ দিয়ে আসছিলেন। |
| 47 | **All and sundry** | ***English Meaning:*** *every person / everyone.*<br>***Bangla Meaning:*** *সকলেই* | **Ex. Sentence:** I don't want all and sundry knowing about our problems.<br>**Bangla Meaning:** আমি চাই না সকলেই আমাদের সমস্যার কথা জানুক। |
| 48 | **All at once** | ***English Meaning:*** *suddenly and unexpectedly.*<br>***Bangla Meaning:*** *অপ্রত্যাশিতভাবে এবং হঠাৎ করে* | **Ex. Sentence:** All at once a tiger came out of the forest.<br>**Bangla Meaning:** জঙ্গল থেকে হুট করে একটি বাঘ বেরিয়ে আসলো। |
| 49 | **All but** | ***English Meaning:*** *very nearly.*<br>***Bangla Meaning:*** *প্রায়* | **Ex. Sentence:** The villagers are all but ruined.<br>**Bangla Meaning:** গ্রামবাসী প্রায় নিঃস্ব হয়ে গেছে। |
| 50 | **All ears** | ***English Meaning:*** *Very attentive.*<br>***Bangla Meaning:*** *খুব মনযোগী* | **Ex. Sentence:** Kids in my class were all ears when I was telling them the story.<br>**Bangla Meaning:** আমি যখন ক্লাসে গল্প বলছিলাম, বাচ্চারা তখন খুব মনযোগ দিয়ে শুনছিলো। |
| 51 | **All in all** | ***English Meaning:*** *on the whole / considering all the different parts of the situation together.*<br>***Bangla Meaning:*** *সম্পূর্ণরূপে / সবকিছু বিবেচনা সাপেক্ষে* | **Ex. Sentence:** All in all, I think you've done very well.<br>**Bangla Meaning:** সবকিছু মিলিয়ে আমার মনে হচ্ছে তুমি খুবই ভালো করেছ। |
| 52 | **All of a sudden** | ***English Meaning:*** *suddenly; without warning.*<br>***Bangla Meaning:*** *হঠাৎ / কোন পূর্ব ঘোষণা (লক্ষণ) ছাড়াই* | **Ex. Sentence:** We stopped on the trail for a snack when all of a sudden a bear appeared.<br>**Bangla Meaning:** আমরা নাস্তা করার জন্য ট্রেইলে(পাহাড়ি চলার পথ) থামার পর হঠাৎ একটা ভাল্লুক এসে হাজির হলো। |
| 53 | **All the same** | ***English Meaning:*** *in spite of / nevertheless.*<br>***Bangla Meaning:*** *তথাপি / তবুও / তা সত্ত্বেও।* | **Ex. Sentence:** It rained every day of our holiday - but we had a good time all the same.<br>**Bangla Meaning:** আমাদের ছুটির সবগুলো দিন বৃষ্টি হওয়া সত্ত্বেও আমরা ভালো সময় কাটিয়েছি। |
| 54 | **All the while** | ***English Meaning:*** *during the entire time / for all of a period of time.*<br>***Bangla Meaning:*** *সারাক্ষণই / পুরোটা সময় জুড়ে* | **Ex. Sentence:** He claimed that he was happy, but he was thinking all the while of quitting his job.<br>**Bangla Meaning:** সে বলছিলো সে এখানে খুশি আছে অথচ পুরোটা সময় জুড়ে সে আসলে চাকরিটা ছাড়ার কথা ভাবছিলো। |
| 55 | **All-day / Day-long** | ***English Meaning:*** *Lasting a whole day.*<br>***Bangla Meaning:*** *সারাদিনব্যাপী* | **Ex. Sentence:** 1. The cafe serves an all-day breakfast costing 100 TK.<br>**Bangla Meaning:** ১. ক্যাফেটি সারাদিনের নাস্তা একশো টাকায় সরবরাহ করে।<br>**Ex. Sentence:** 2. I attended a day-long seminar last week.<br>**Bangla Meaning:** ২. গত সপ্তাহে আমি সারাদিনব্যাপী একটি সেমিনারে অংশ নিয়েছিলাম। |
| 56 | **An axe to grind** | ***English Meaning:*** *1. have a private reason for doing or being involved in something.*<br>***Bangla Meaning:*** *১. সম্পৃক্ততার ব্যক্তিগত কারণ*<br>***English Meaning:*** *2. an ulterior often selfish underlying purpose.*<br>***Bangla Meaning:*** *২. স্বার্থহীন উদ্দেশ্যে কাজ করা* | **Ex. Sentence:** Environmentalists have no political axe to grind - they just want to save the planet.<br>**Bangla Meaning:** পরিবেশবাদীদের কোনো রাজনৈতিক স্বার্থ নেই, তারা শুধু পৃথিবীকে রক্ষা করতে চায়। |
| 57 | **An early bird** | ***English Meaning:*** *a person who rises, arrives, or acts before the usual or expected time.* | **Ex. Sentence:** He was always an early bird.<br>**Bangla Meaning:** সে সবসময়ই সবার আগে আগে আসতো। |

| | | | |
|---|---|---|---|
| | | ***Bangla Meaning:*** *যে ভোরে উঠে / সবার আগে আগে আসে* | |
| 58 | **An open secret** | ***English Meaning:*** *a supposedly secret but generally known matter.*<br>***Bangla Meaning:*** *উন্মুক্ত রহস্য / কোন একটি বিষয় যা গোপন থাকা উচিত ছিলো কিন্তু অনেকেই জানে* | **Ex. Sentence:** It's an open secret around the office that they're having an affair<br>**Bangla Meaning:** তাদের সম্পর্কের কথা একটা উন্মুক্ত রহস্য যা অফিসের সবাই জানে। |
| 59 | **Animal spirits** | ***English Meaning:*** *natural exuberance.*<br>***Bangla Meaning:*** *সহজাত উচ্ছ্বাস* | **Ex. Sentence:** The children romped on the lawn, full of animal spirits.<br>**Bangla Meaning:** বাচ্চারা সহজাত উচ্ছ্বাসে উঠোনে ছোটাছুটি করছিলো। |
| 60 | **Apple of discord** | ***English Meaning:*** *matter of dispute / a subject of contention and envy.*<br>***Bangla Meaning:*** *হিংসা - বিবাদের বিষয়* | **Ex. Sentence:** The boundary line between the countries was an apple of discord.<br>**Bangla Meaning:** দুইদেশের মধ্যকার সীমানা তাদের মধ্যে বিবাদের কারণ হয়ে ছিলো। |
| 61 | **The apple of one's eye** | ***English Meaning:*** *1. a person of whom one is extremely fond and proud;*<br>***Bangla Meaning:*** *চোখের মণি*<br>***English Meaning:*** *2. one that is highly cherished.*<br>***Bangla Meaning:*** *প্রিয় বস্তু বা ব্যক্তি* | **Ex. Sentence:** The little girl was the apple of her grandmother's eye.<br>**Bangla Meaning:** ছোটো মেয়েটি তার দাদীর চোখের মণি ছিল। |
| 62 | **As a matter of fact** | ***English Meaning:*** *1. in reality (used specially to correct a falsehood or misunderstanding).*<br>***Bangla Meaning:*** *১. বাস্তবিক অর্থে (কোন ভুল ধারণা ভাঙাতে)*<br>***English Meaning:*** *2. in fact.*<br>***Bangla Meaning:*** *২. বস্তুতঃ* | **Ex. Sentence:** We're not losing population in our town. As a matter of fact, people are moving in everyday.<br>**Bangla Meaning:** আমাদের শহরে মানুষ কমছে না, উল্টো প্রতিদিনই শহরে মানুষ আসছে। |
| 63 | **As a rule** | ***English Meaning:*** *usually, but not always.*<br>***Bangla Meaning:*** *সাধারণত কিন্তু সবসময় না* | **Ex. Sentence:** I go to bed at 10 p.m. as a rule.<br>**Bangla Meaning:** আমি সাধারণত রাত দশটায় ঘুমাতে যাই। |
| 64 | **As cool as a cucumber** | ***English Meaning:*** *very calm and controlled.*<br>***Bangla Meaning:*** *শান্ত এবং ধীরস্থির* | **Ex. Sentence:** My boss is as cool as a cucumber even when he speaks in front of hundreds of people.<br>**Bangla Meaning:** আমার তত্ত্বাবধায়ক / বস শত শত লোকের সামনে কথা বলার সময়ও শান্ত এবং ধীরস্থির থাকেন। |
| 65 | **As good as** | ***English Meaning:*** *very nearly / almost / nearly.*<br>***Bangla Meaning:*** *প্রায়* | **Ex. Sentence:** The decorating is as good as finished - just need to finish off the painting.<br>**Bangla Meaning:** সাজানো প্রায় শেষ, শুধু রঙ করা বাকি। |
| 66 | **As if / As though** | ***English Meaning:*** *as it would be if / in a way that seems to show something.*<br>***Bangla Meaning:*** *যেন / যদি (হওয়ার নয় এমন কিছু)* | **Ex. Sentence:** He ran as if ghosts were chasing him.<br>**Bangla Meaning:** সে এমনভাবে দৌড়াচ্ছিলো যেন তাকে ভুতে ধরেছে। |
| 67 | **As it were** | ***English Meaning:*** *in a way (used to be less precise).*<br>***Bangla Meaning:*** *একদিক থেকে বিবেচনা করলে / যেন* | **Ex. Sentence:** His retirement was, as it were, the beginning of his real career.<br>**Bangla Meaning:** তার অবসর গ্রহণ যেন ছিলো তার প্রকৃত ক্যারিয়ারের শুরু। |
| 68 | **As long as** | ***English Meaning:*** *if / since / for the reason that.*<br>***Bangla Meaning:*** *যেহেতু / অবস্থা সাপেক্ষে* | **Ex. Sentence:** 1. As long as you're going, I'll go too.<br>**Bangla Meaning:** ১. যেহেতু তুমি যাচ্ছ, আমিও যাব।<br>**Ex. Sentence:** 2. They have been there as long as anyone can remember.<br>**Bangla Meaning:** ২. যতদূর কেউ মনে করতে পারছে, তারা সব সময় সেখানেই ছিল। |
| 69 | **As much as** | ***English Meaning:*** *almost but not quite / even though / almost.*<br>***Bangla Meaning:*** *প্রায় সমান / প্রায়* | **Ex. Sentence:** He likes hockey as much as he likes basketball<br>**Bangla Meaning:** সে বাস্কেটবল যতটা পছন্দ করে, হকিও ততটাই পছন্দ করে। |

| | | | |
|---|---|---|---|
| 70 | **As per** | ***English Meaning:*** *in accordance with.*<br>***Bangla Meaning:*** *অনুসারে* | **Ex. Sentence:** I worked as per your instructions.<br>**Bangla Meaning:** আমি আপনার নির্দেশনা অনুসারেই কাজ করেছি। |
| 71 | **As the crow flies** | ***English Meaning:*** *in a straight line.*<br>***Bangla Meaning:*** *একদম সোজা, সোজাসুজি* | **Ex. Sentence:** From Dhaka to Cumilla, the distance is 80 k.m. as the crow flies.<br>**Bangla Meaning:** ঢাকা থেকে একদম সোজা পথে কুমিল্লার দূরত্ব ৮০ কি.মি. |
| 72 | **As to** | ***English Meaning:*** *about.*<br>***Bangla Meaning:*** *সম্বন্ধে* | **Ex. Sentence:** There's no decision as to when the work might start.<br>**Bangla Meaning:** কাজ কখন শুরু হবে সে ব্যাপারে এখন কোন সিদ্ধান্ত হয় নি। |
| 73 | **As usual** | ***English Meaning:*** *habitually.*<br>***Bangla Meaning:*** *যথারীতি* | **Ex. Sentence:** He is late as usual.<br>**Bangla Meaning:** সে যথারীতি দেরি করলো। |
| 74 | **As well as** | ***English Meaning:*** *in addition to। / too / besides / and*<br>***Bangla Meaning:*** *উপরন্তু / তাছাড়াও / পাশাপাশি* | **Ex. Sentence:** The coach, as well as the team, is ready<br>**Bangla Meaning:** কোচের সাথে সাথে দলও প্রস্তুত |
| 75 | **At a loss** | ***English Meaning:*** *puzzled.*<br>***Bangla Meaning:*** *হতবুদ্ধি / কিংকর্তব্যবিমূঢ়* | **Ex. Sentence:** He was at a loss and did not know what to do.<br>**Bangla Meaning:** সে হতবুদ্ধি হয়ে গেছিলো এবং কি করা উচিত বুঝতে পারছিলো না। |
| 76 | **At a low ebb** | ***English Meaning:*** *declining / in a bad or weak state.*<br>***Bangla Meaning:*** *নিম্নমুখী / খারাপ অবস্থা* | **Ex. Sentence:** His fame is at a low ebb now.<br>**Bangla Meaning:** বর্তমানে তার জনপ্রিয়তা নিম্নমুখী। |
| 77 | **At a stretch** | ***English Meaning:*** *without break / continuously.*<br>***Bangla Meaning:*** *একটানা / বিরতিহীনভাবে* | |
| 78 | **At all** | ***English Meaning:*** *in any way / to any extent.*<br>***Bangla Meaning:*** *আদৌ* | **Ex. Sentence:** He doesn't know English at all.<br>**Bangla Meaning:** সে একটুও ইংরেজি জানে না। |
| 79 | **At all cost / at any cost** | ***English Meaning:*** *if something must be done or avoided at all costs / regardless of the cost or consequences.*<br>***Bangla Meaning:*** *সমস্ত ক্ষতি স্বীকার করেও / যে কোন মূল্যে* | **Ex. Sentence:** Security during the president's visit must be maintained at all costs.<br>**Bangla Meaning:** রাষ্ট্রপতির সফরের সময় যেকোনো মুল্যে নিরাপত্তা বজায় রাখতে হবে। |
| 80 | **At all events / At all risk / At any rate** | ***English Meaning:*** *whatever happens or may have happened / in any case.*<br>***Bangla Meaning:*** *যাই ঘুটক না কেন / যেকোন অবস্থাতে* | **Ex. Sentence:** I shall stand by her at all events.<br>**Bangla Meaning:** যাই ঘটুক না কেন আমাকে তার পাশে থাকতে হবে। |
| 81 | **At arm's length** | ***English Meaning:*** *1. at a distance / as far away from your body as possible.*<br>***Bangla Meaning:*** *শরীর থেকে যথাসম্ভব দূরে / এড়িয়ে চলা* | **Ex. Sentence:** 1. I held the telephone at arm's length<br>**Bangla Meaning:** ১. টেলিফোনটি আমার হাতের নাগালের মধ্যেই রাখলাম। |
| | | ***English Meaning:*** *2. avoiding intimacy or close contact.*<br>***Bangla Meaning:*** *ঘনিষ্টতা এড়িয়ে চলা।* | **Ex. Sentence:** 2. Try to keep bad companions at arm's length.<br>**Bangla Meaning:** ২. দুষ্ট সঙ্গ থেকে সর্বদা দূরে থেকো। |
| 82 | **At bay** | ***English Meaning:*** *forced to face or confront one's attackers or pursuers / cornered.*<br>***Bangla Meaning:*** *কোণঠাসা অবস্থা করা।* | **Ex. Sentence:** The tiger was at bay in the bush.<br>**Bangla Meaning:** ঝোপের মধ্যে বাঘটি কোণঠাসা হয়ে পড়েছিলো। |
| 83 | **At best** | ***English Meaning:*** *under the most favorable circumstances / highest possible.*<br>***Bangla Meaning:*** *সবচেয়ে অনুকূল পরিস্থিতিতে / সাকুল্যে* | **Ex. Sentence:** If you start studying at the last hour of the exam, at best, you will pass.<br>**Bangla Meaning:** তুমি যদি পরীক্ষার একদম শেষ মুহূর্তে পড়া শুরু করো, বড়জোড় পাশ করতে পারবে। |
| 84 | **At bottom** | ***English Meaning:*** *in a basic way.*<br>***Bangla Meaning:*** *মূলত* | **Ex. Sentence:** Jealousy is, at bottom, a lack of self-confidence. |

| | | | |
|---|---|---|---|
| | | | **Bangla Meaning:** ঈর্ষা মূলত আত্মবিশ্বাসহীনতার ফলে সৃষ্টি হয়। |
| 85 | **At daggers drawn** | ***English Meaning:*** *at enmity / in a state of open hostility or conflict.*<br>***Bangla Meaning:*** *শত্রুতা / খড়গহস্ত* | **Ex. Sentence:** Two brothers are now at daggers drawn about the house.<br>**Bangla Meaning:** বাড়ি নিয়ে দুই ভাইয়ের মধ্যে এখন গভীর শত্রুতা। |
| 86 | **At dead of night** | ***English Meaning:*** *the middle of the night / the quietest, darkest part of the night.*<br>***Bangla Meaning:*** *রাত্রির মধ্যভাগ / রাতের সবচেয়ে শান্ত ও অন্ধকারময় অংশ* | **Ex. Sentence:** The burglars move at the dead of night.<br>**Bangla Meaning:** চোর ডাকাতেরা গভীর রাতে চলাচল করে / কাজে নামে। |
| 87 | **At ease** | ***English Meaning:*** *confident and relaxed.*<br>***Bangla Meaning:*** *আত্মবিশ্বাসী এবং নিরুদ্বেগ / শান্ত* | **Ex. Sentence:** I did my best to make him feel at ease.<br>**Bangla Meaning:** আমি আমার সর্বোচ্চ চেষ্টা করেছি তাকে আত্মবিশ্বাসী ও শান্ত করার জন্য । |
| 88 | **At hand** | ***English Meaning:*** *nearby / near in time or position.*<br>***Bangla Meaning:*** *নিকটে, আসন্ন* | **Ex. Sentence:** A breakthrough in combating the covid-19 may be at hand.<br>**Bangla Meaning:** কোভিড -১৯ এর বিরুদ্ধে লড়াইয়ে অগ্রগতি / সাফল্য আসন্ন / নিকটে। |
| 89 | **At home** | ***English Meaning:*** *skilled / comfortable.*<br>***Bangla Meaning:*** *দক্ষ, ঘরের মত আরামপ্রদ* | **Ex. Sentence:** 1. He is at home in English.<br>**Bangla Meaning:** ১. সে ইংরেজিতে দক্ষ। |
| | | | **Ex. Sentence:** 2. I never feel at home in Dhaka city.<br>**Bangla Meaning:** ২. আমি ঢাকা শহরে কখনো স্বস্তি পাই না। |
| 90 | **At intervals** | ***English Meaning:*** *with time between / not continuously.*<br>***Bangla Meaning:*** *মাঝে মাঝে / নিয়মিত নয়* | **Ex. Sentence:** He goes to Chittagong at intervals.<br>**Bangla Meaning:** সে মাঝে মাঝেই চিটাগাং যায়। |
| 91 | **At large** | ***English Meaning:*** *at liberty / free*<br>***Bangla Meaning:*** *স্বাধীন* | **Ex. Sentence:** Corrupted govt. officials are still at large.<br>**Bangla Meaning:** দুর্নীতিবাজ সরকারি কর্মকর্তারা এখনো মুক্ত অবস্থায় আছে। |
| 92 | **At last** | ***English Meaning:*** *in the end; after much delay.*<br>***Bangla Meaning:*** *অবশেষে* | **Ex. Sentence:** You've come back to me at last!<br>**Bangla Meaning:** অবশেষে আমার কাছেই ফিরে এসেছো! |
| 93 | **At length** | ***English Meaning:*** *1. after a long time.*<br>***Bangla Meaning:*** *১. দীর্ঘ সময় পর* | **Ex. Sentence:** 1. At length, she laid down the pencil.<br>**Bangla Meaning:** ১. সে অনেকক্ষণ পর পেন্সিলটা রাখলো। |
| | | ***English Meaning:*** *2. in detail.*<br>***Bangla Meaning:*** *২. বিস্তারিতভাবে* | **Ex. Sentence:** 2.These aspects have been discussed at length.<br>**Bangla Meaning:** ২. এই বিষয়গুলো বিস্তারিতভাবে আলোচনা হয়েছে। |
| 94 | **At no time** | ***English Meaning:*** *never / not ever.*<br>***Bangla Meaning:*** *কখনোই না* | **Ex. Sentence:** I shall do it at no time.<br>**Bangla Meaning:** আমি এটা কখনোই করবো না। |
| 95 | **At once** | ***English Meaning:*** *immediately.*<br>***Bangla Meaning:*** *দেরি না-করে / এক্ষুনি* | **Ex. Sentence:** I fell asleep at once<br>**Bangla Meaning:** আমি সাথে সাথেই ঘুমিয়ে পড়েছিলাম। |
| 96 | **At one's elbow** | ***English Meaning:*** *next to someone / close to and a little behind someone.*<br>***Bangla Meaning:*** *পাশাপাশি* | **Ex. Sentence:** He was standing at her elbow, holding out her glass.<br>**Bangla Meaning:** সে তার গ্লাস হাতে ধরে তার পাশেই দাঁড়িয়ে ছিল। |
| 97 | **At one's finger ends** | ***English Meaning:*** *Ready at hand / readily available.*<br>***Bangla Meaning:*** *নখদর্পণে / চাহিবামাত্রই পাওয়া যাবে* | **Ex. Sentence:** All these facts are at his finger ends.<br>**Bangla Meaning:** সব ধরনের তথ্য তার নখদর্পণে। |
| 98 | **At one's own sweet will / go your own (sweet) way** | ***English Meaning:*** *to do what you want without considering other people.*<br>***Bangla Meaning:*** *নিজের ইচ্ছামত চলা* | **Ex. Sentence:** It doesn't matter how much advice I give Nijhum, she always goes her own sweet way.<br>**Bangla Meaning:** নিঝুমকে আমি যতই উপদেশ দেই না কেন, সে সবসময়ই নিজের ইচ্ছায় চলে। |

| | | | |
|---|---|---|---|
| 99 | **At one's wits' end** | ***English Meaning:*** *at a loss for a means of solving a problem / confused / puzzled.*<br>***Bangla Meaning:*** *দিশেহারা / হতবুদ্ধি* | **Ex. Sentence:** I am at my wits' end, I don't know how to help him.<br>**Bangla Meaning:** আমি হতবুদ্ধি হয়ে গেছি, জানিনা তাকে কিভাবে সহযোগিতা করতে পারি। |
| 100 | **At random** | ***English Meaning:*** *without any aim / without method or conscious decision.*<br>***Bangla Meaning:*** *বেপরোয়া বা এলোমেলো* | **Ex. Sentence:** He threw the ball at random.<br>**Bangla Meaning:** সে এলোমেলোভাবে বলটি ছুড়ে মারলো। |
| 101 | **At sixes and sevens** | ***English Meaning:*** *in a state of total confusion or disarray.*<br>***Bangla Meaning:*** *সম্পূর্ণ বিভ্রান্তি বা বিড়ম্বনার অবস্থায় বা বিশৃঙ্খলার অবস্থায়* | **Ex. Sentence:** We've been at sixes and sevens in the office this week.<br>**Bangla Meaning:** আমরা এই সপ্তাহে অফিসে একেবারে বিশৃঙ্খল অবস্থায় ছিলাম। |
| 102 | **At someone's beck and call** | ***English Meaning:*** *always ready to do whatever someone asks.*<br>***Bangla Meaning:*** *আজ্ঞাবহ / কারো জন্য যেকোনো কিছু করতে রাজি থাকা* | **Ex. Sentence:** He expects his employees to be at his beck and call day and night.<br>**Bangla Meaning:** সে তার কর্মচারীদের সর্বদা তার আজ্ঞাবহ থাকবে এটা আশা করে। |
| 103 | **At someone's heels** | ***English Meaning:*** *just behind or following closely.*<br>***Bangla Meaning:*** *পায়ে পায়ে চলা / অনুসরণ করা* | **Ex. Sentence:** The security forces of two countries were sniffing at my heels and I didn't even know why.<br>**Bangla Meaning:** দুদেশের নিরাপত্তারক্ষীরা কেন আমাকে এভাবে অনুসরণ করছিলো, তা আমি জানিও না। |
| 104 | **At stake** | ***English Meaning:*** *to be won or lost; at risk.*<br>***Bangla Meaning:*** *ঝুঁকিপূর্ণ / বিপদাপন্ন* | **Ex. Sentence:** Rural life is at stake because of the flood.<br>**Bangla Meaning:** বন্যার জন্য গ্রামীণ জীবন ঝুঁকিপূর্ণ। |
| 105 | **At the cost of** | ***English Meaning:*** *by giving up or hurting (something else).*<br>***Bangla Meaning:*** *কোন কিছুর বিনিময়ে / কোনো ক্ষতির বিনময়ে* | **Ex. Sentence:** She saved her honor at the cost of her life.<br>**Bangla Meaning:** সে তার জীবনের বিনিময়ে সম্মান রক্ষা করেছে। |
| 106 | **At the eleventh hour** | ***English Meaning:*** *at the last moment / the latest possible moment.*<br>***Bangla Meaning:*** *শেষ মুহুর্তে* | **Ex. Sentence:** Still making changes at the eleventh hour.<br>**Bangla Meaning:** একেবারে শেষ মুহূর্তে এসেও পরিবর্তন করতে হচ্ছে। |
| 107 | **At the mercy of** | ***English Meaning:*** *completely in the power or under the control of.*<br>***Bangla Meaning:*** *অন্যের অনুগ্রহের উপর নির্ভরশীল* | **Ex. Sentence:** Farmers are often at the mercy of the weather.<br>**Bangla Meaning:** কৃষকরা প্রায়ই আবহাওয়ার অনুগ্রহের অপেক্ষায় থাকেন |
| 108 | **At the outset** | ***English Meaning:*** *the beginning.*<br>***Bangla Meaning:*** *শুরুতেই / প্রারম্ভেই* | **Ex. Sentence:** I told him at / from the outset I wasn't interested.<br>**Bangla Meaning:** আমি তাকে শুরুতেই বলেছিলাম যে আমি আগ্রহী নই। |
| 109 | **At / On the point of** | ***English Meaning:*** *at a time just before (doing something).*<br>***Bangla Meaning:*** *উদ্যত* | **Ex. Sentence:** The old man is at the point of death.<br>**Bangla Meaning:** বৃদ্ধ লোকটি মরণাপন্ন অবস্থায় আছে। |
| 110 | **At the root of** | ***English Meaning:*** *the reason for (something).*<br>***Bangla Meaning:*** *মূলে / কারণ* | **Ex. Sentence:** He is at the root of all the trouble.<br>**Bangla Meaning:** সমস্ত সমস্যার মূল সে-ই। তার জন্যই সব ঝামেলা হয়। |
| 111 | **At times** | ***English Meaning:*** *sometimes / on occasions*<br>***Bangla Meaning:*** *মাঝে মাঝে* | **Ex. Sentence:** At times he loses his temper.<br>**Bangla Meaning:** মাঝে মাঝে সে নিজের মেজাজ হারিয়ে ফেলে। |
| 112 | **At variance (with)** | ***English Meaning:*** *completely different and seem to oppose each other.*<br>***Bangla Meaning:*** *সামঞ্জস্যহীন / পুরোপুরি বিপরীত* | **Ex. Sentence:** Your conduct is at variance with your words.<br>**Bangla Meaning:** তোমার কথা আর কাজে কোন মিল নেই। |

| | | | |
|---|---|---|---|
| 113 | **Avail of** | ***English Meaning:*** *use or take advantage of an opportunity or available resource.* ***Bangla Meaning:*** *কাজে লাগানো / সুযোগের সদ্ব্যবহার করা* | **Ex. Sentence:** They availed themselves of his services. **Bangla Meaning:** তারা তার সেবা করার সুযোগ কাজে লাগিয়েছিলো। |
| 114 | **Bad blood** | ***English Meaning:*** *ill feeling.* ***Bangla Meaning:*** *শত্রুতা / মনোমালিন্য* | **Ex. Sentence:** There has always been bad blood between these families **Bangla Meaning:** দুই পরিবারের মধ্যে সবসময়ই শত্রুতা ছিলো। |
| 115 | **Bag and baggage** | ***English Meaning:*** *with all one's belongings.* ***Bangla Meaning:*** *তল্পি তল্পা সহ / সবকিছু সহ* | **Ex. Sentence:** He left the place bag and baggage. **Bangla Meaning:** সে তল্পিতল্পাসহ এ জায়গা থেকে চলে গিয়েছিলো। |
| 116 | **Be (dead) set against something** | ***English Meaning:*** *to be determined not to do something / strongly opposed to.* ***Bangla Meaning:*** *ঘোর বিরোধী* | **Ex. Sentence:** They are dead set against the plans to close the local hospital. **Bangla Meaning:** তারা স্থানীয় হাসপাতাল বন্ধ করে দেওয়ার পরিকল্পনার ঘোর বিরোধী। |
| 117 | **Be / keep / stay abreast of (with) something** | ***English Meaning:*** *to make sure that one knows all the most recent and important information about something.* ***Bangla Meaning:*** *কারো বা কিছুর পাশাপাশি থাকা; পিছিয়ে না পড়া; ওয়াকিবহাল থাকা* | **Ex. Sentence:** How can anyone keep abreast of all this new technology without the internet? **Bangla Meaning:** ইন্টারনেট ছাড়া কেউ কিভাবে এত সব নতুন প্রযুক্তির সাথে তাল মিলিয়ে চলবে? |
| 118 | **Be all ears** | ***English Meaning:*** *be listening eagerly.* ***Bangla Meaning:*** *উৎকর্ণ হয়ে শোনা* | **Ex. Sentence:** I'm all ears, tell me about it. **Bangla Meaning:** আমি মনোযোগ দিয়ে শুনবো, আমাকে বলো এটা সম্পর্কে। |
| 119 | **Be in a fix** | ***English Meaning:*** *get into trouble.* ***Bangla Meaning:*** *ঝামেলায় পড়া* | **Ex. Sentence:** I was really in a fix when I missed the plane **Bangla Meaning:** বিমান সময়মতো ধরতে না পারায় আমি খুব ঝামেলায় পড়ে গিয়েছিলাম। |
| 120 | **Be in deep water** | ***English Meaning:*** *to be in or get into serious trouble.* ***Bangla Meaning:*** *অথৈ জলে পড়া / খুব বিপদে পড়া* | **Ex. Sentence:** The Democrats are in deep water over their plans for tax increases. **Bangla Meaning:** ডেমোক্রেটরা ট্যাক্স বাড়ানোর প্ল্যান করে খুব ঝামেলায় পড়েছে। |
| 121 | **Be in someone's good / bad books** | ***English Meaning:*** *In favour / disfavour with someone.* ***Bangla Meaning:*** *কারো উপর অন্য আরেকজনের সন্তুষ্টি / অসন্তুষ্টি* | **Ex. Sentence:** I cleaned the bathroom yesterday, so I'm in Mum's good books. **Bangla Meaning:** মা আমার উপর সন্তুষ্ট কারণ আমি গতকাল গোসলখানা পরিষ্কার করেছিলাম। |
| 122 | **Be in the hot water** | ***English Meaning:*** *to be in or get into a difficult situation in which you are in danger of being criticized or punished.* ***Bangla Meaning:*** *ঝামেলায় পড়া / এমন পরিস্থিতিতে পড়া যেখানে বিপদ বা ভর্তসনা বা শাস্তির সম্ভাবনা আছে* | **Ex. Sentence:** He found himself in hot water over his comments about immigration. **Bangla Meaning:** অভিবাসন নিয়ে মন্তব্য করে সে এখন ঝামেলায় আছে। |
| 123 | **Be in the right** | ***English Meaning:*** *in the position or situation of being morally or legally allowed to have, get, or do something.* ***Bangla Meaning:*** *ন্যায়ের পথে থাকা* | **Ex. Sentence:** You are in the right to demand a refund. **Bangla Meaning:** আপনার অর্থ ফেরত দাবি করার ন্যায় সঙ্গত অধিকার রয়েছে। |
| 124 | **Be off one's guard** | ***English Meaning:*** *unprepared for a surprise or difficulty.* ***Bangla Meaning:*** *অপ্রস্তুত অবস্থায় ঝামেলায় পড়া / আক্রমণের মুখোমুখি হওয়া* | **Ex. Sentence:** He hit me while I was off my guard. **Bangla Meaning:** আমি অসতর্ক থাকা অবস্থায় সে আমাকে আঘাত করেছে। |
| 125 | **Be on at somebody** | ***English Meaning:*** *nag or grumble at someone.* ***Bangla Meaning:*** *কোনোকিছু নিয়ে ক্রমাগত কথা শুনানো / (কোনোকিছু নিয়ে) কাউকে ক্রমাগত জ্বালাতন করা* | **Ex. Sentence:** She's been on at me to get my hair cut. **Bangla Meaning:** আমাকে চুল কাটানোর জন্য সে বিরক্ত করছে। |

ঘরে বসে দেশের প্রথম ও সর্ববৃহৎ প্রতিযোগিতামূলক প্ল্যাটফর্মে বি.সি.এস ও অন্যান্য চাকরির প্রস্তুতি নিতে
Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com

| | | | |
|---|---|---|---|
| 260 | **Do (all) the donkey work** | ***English Meaning:*** *to do the hard, boring part of a job.*<br>***Bangla Meaning:*** *নীরস একঘেয়ে খাটুনি বা পরিশ্রম* | **Ex. Sentence:** Why should I do all the donkey work while you sit around doing nothing?<br>**Bangla Meaning:** তুমি কিছু না করে শুধু শুধু বসে থাকলে আমি কেন গাধার মত খাটবো? |
| 261 | **Do away with** | ***English Meaning:*** *put an end to / remove.*<br>***Bangla Meaning:*** *সমাপ্তি টানা / বিনাশ সাধন করা* | **Ex. Sentence:** These ridiculous rules and regulations should have been done away with years ago.<br>**Bangla Meaning:** এসব অবান্তর আইন কানুন অনেক আগেই বিলুপ্ত করা উচিত ছিলো। |
| 262 | **Do yeoman's work / service** | ***English Meaning:*** *efficient or useful help in need.*<br>***Bangla Meaning:*** *প্রয়োজনীয় মুহূর্তে দরকারী / অনবদ্য উপকার* | **Ex. Sentence:** Sher-e-Bangla did yeoman's service to his country.<br>**Bangla Meaning:** শেরে বাংলা তার দেশের অনেক উপকার / সেবা করেছেন। |
| 263 | **Dog days** | ***English Meaning:*** *the hottest period of the year / a period of stagnation or inactivity.*<br>***Bangla Meaning:*** *বছরের সবচেয়ে গরম দিন / খারাপ সময় / অচলাবস্থা* | **Ex. Sentence:** The dog days of summer are a difficult period for those who have to work out in the open.<br>**Bangla Meaning:** যাদেরকে বাইরে কাজ করতে হয় তাদের জনয় গ্রীষ্মের গরম দিনগুলো খুব কঠিন সময়। |
| 264 | **Dog in the manger** | ***English Meaning:*** *a person who selfishly withholds from others something useless to himself.*<br>***Bangla Meaning:*** *নিজেও খায় না অন্যকেও খেতে দেয় না* | **Ex. Sentence:** You are a very strange man, I can't understand you dog in the manger policy.<br>**Bangla Meaning:** তুমি খুব অদ্ভুত একজন মানুষ। আমি তোমার 'নিজেও খাবো না আরেকজনকেও খেতে দিবো না' নীতি বুঝতে পারি না। |
| 265 | **Dog's chance** | ***English Meaning:*** *a poor chance / the least chance.*<br>***Bangla Meaning:*** *ক্ষীণ আশা* | **Ex. Sentence:** We have a dog's chance to win against this opponent.<br>**Bangla Meaning:** এই প্রতিদ্বন্দ্বীর বিপক্ষে আমাদের জয়ের আশা খুব কম। |

| | | | |
|---|---|---|---|
| 266 | **Dos and don'ts** | ***English Meaning:*** *rules about how people should and should not behave.*<br>***Bangla Meaning:*** *নির্দেশনাবলি / নিয়মাবলী* | **Ex. Sentence:** Where I work, the old dos and don't's about how to dress don't really matter.<br>**Bangla Meaning:** আমি যেখানে কাজ করি, সেখানে কাপড় পরার পুরনো নিয়মগুলো অচল। |
| 267 | **Double dealing / game** | ***English Meaning:*** *dishonest behaviour and actions intended to deceive.*<br>***Bangla Meaning:*** *ভণ্ডামি / ধোঁকাবাজি* | **Ex. Sentence:** Nobody likes his double dealings.<br>**Bangla Meaning:** কেউই তার ভণ্ডামি সহ্য করতে পারে না। |
| 268 | **Down to earth** | ***English Meaning:*** *with no illusions or pretensions; practical and realistic.*<br>***Bangla Meaning:*** *নিরহঙ্কারী, মোহমুক্ত ও বাস্তববাদী* | **Ex. Sentence:** The players like the coach because he's down-to-earth and honest with them..<br>**Bangla Meaning:** খেলোয়াড়েরা তাদের কোচের মতই নিরহংকারী, মোহমুক্ত ও বাস্তববাদী চরিত্রের। |
| 269 | **Draw the line** | ***English Meaning:*** *set a limit on what one is willing to do or accept.*<br>***Bangla Meaning:*** *সীমানা চিহ্নিত করে দেওয়া / গ্রহণযোগ্যতার মাত্রা বলে দেওয়া* | **Ex. Sentence:** I swear a lot, but even I draw the line at saying certain words.<br>**Bangla Meaning:** আমি হয়তো অনেক প্রতিজ্ঞা করি (গালাগালি করি) কিন্তু আমিও কিছু শব্দ বলার আগে ভেবে দেখি। |
| 270 | **Eat humble pie** | ***English Meaning:*** *make a humble apology and accept humiliation.*<br>***Bangla Meaning:*** *অপমান হজম করে ক্ষমা চাওয়া* | **Ex. Sentence:** At last the boss ate humble pie before the employees.<br>**Bangla Meaning:** অবশেষে বস কর্মচারিদের অপমান হজম করে ক্ষমা চাইলেন। |
| 271 | **Eat one's words** | ***English Meaning:*** *to admit that something someone said before was wrong.*<br>***Bangla Meaning:*** *নিজের ভুল স্বীকার করা / কথা ফিরিয়ে নেওয়া* | **Ex. Sentence:** I can't eat my word for the fear of anybody.<br>**Bangla Meaning:** আমি কারো ভয়ে আমার কথা ফিরিয়ে নিতে পারি না। |
| 272 | **Every now and again / then** | ***English Meaning:*** *sometimes, but not regularly / occasionally.*<br>***Bangla Meaning:*** *মাঝে মাঝে, প্রায়ই* | **Ex. Sentence:** My uncle comes to see me every now and then.<br>**Bangla Meaning:** আমার চাচা মাঝেমধ্যেই আমাকে দেখতে আসেন। |
| 273 | **Face the music** | ***English Meaning:*** *to accept criticism or punishment for one's action.*<br>***Bangla Meaning:*** *কর্মফল ভোগ (গ্রহন) করা* | **Ex. Sentence:** We would later have to face the music over our bold moves.<br>**Bangla Meaning:** আমাদের এইসব সাহসী কাজের ফল কিন্তু পরে ভোগ করতে হবে। |
| 274 | **Face to face** | ***English Meaning:*** *(of two people) close together and facing each other.*<br>***Bangla Meaning:*** *মুখোমুখি, সরাসরি* | **Ex. Sentence:** I prefer to talk to people face to face rather than talk on the phone.<br>**Bangla Meaning:** ফোনে কথা বলার চেয়ে মানুষজনের সাথে সামনা সামনি কথা বলতেই পছন্দ করি। |
| 275 | **Fair and square** | ***English Meaning:*** *with absolute accuracy / honestly and straightforwardly.*<br>***Bangla Meaning:*** *পরিপূর্ণভাবে ন্যায্য / সততা এবং সরলতা / সৎ ও সরল* | **Ex. Sentence:** He is fair and square in his dealings.<br>**Bangla Meaning:** সে সততা ও নিষ্ঠার সাথে ব্যবসা করে। |
| 276 | **Fair play** | ***English Meaning:*** *equitable or impartial treatment / justice.*<br>***Bangla Meaning:*** *সাম্য বা নিরপেক্ষ বিবেচনা / ন্যায়বিচার* | **Ex. Sentence:** I believe in the practice of fair play.<br>**Bangla Meaning:** আমি ন্যায়বিচারের চর্চায় বিশ্বাসী। |
| 277 | **Fair-weather friend** | ***English Meaning:*** *a person whose friendship cannot be relied on in times of difficulty.*<br>***Bangla Meaning:*** *সুসময়ের বন্ধু* | **Ex. Sentence:** Fair-weather friends are harmful for us.<br>**Bangla Meaning:** সুসময়ের বন্ধুরা আমাদের জন্য বিপদজনক। |
| 278 | **Fall about** | ***English Meaning:*** *laugh uncontrollably / to laugh without being able to stop.*<br>***Bangla Meaning:*** *হাসিতে ভেঙ্গে পড়া* | **Ex. Sentence:** We fell about when we heard her reply.<br>**Bangla Meaning:** তার উত্তর শুনে আমরা হাসিতে ভেঙ্গে পড়লাম। |
| 279 | **Fall flat** | ***English Meaning:*** *fail completely to produce the intended or expected effect.* | **Ex. Sentence:** My advice fell flat on him.<br>**Bangla Meaning:** আমার উপদেশ তার জন্য ফলপ্রসু হয় নি।। |

| | | | |
|---|---|---|---|
| | | ***Bangla Meaning:*** *প্রত্যাশা পূরণে ব্যর্থ হওয়া / মুখ থুবড়ে পড়া / ফলপ্রসু না হওয়া* | |
| 280 | **Fall off** | ***English Meaning:*** *1. decrease in number, amount, intensity, or quality.*<br>***Bangla Meaning:*** *সংখ্যা, পরিমাণ। ঘনত্ব বা মান কমানো* | **Ex. Sentence:** 1. Sales have been falling off recently.<br>**Bangla Meaning:** ১. সম্প্রতি বিক্রয়ের পরিমাণ কমে গেছে। |
| | | ***English Meaning:*** *2. become detached and drop to the ground.*<br>***Bangla Meaning:*** *বিচ্ছিন্ন বা খুলে মাটিতে পড়া* | **Ex. Sentence:** 2. My sunglasses fell off and broke on the pavement.<br>**Bangla Meaning:** ২. ফুটপাতে পড়ে আমার সানগ্লাসটা ভেঙ্গে গেছে। |
| 281 | **Fall on hard times** | ***English Meaning:*** *to lose your money and start to have a difficult life.*<br>***Bangla Meaning:*** *টাকা পয়সা হারিয়ে কঠিন সময় শুরু* | **Ex. Sentence:** The scheme is designed to help kids whose parents have fallen on hard times.<br>**Bangla Meaning:** সেসব শিশুদের মা বাবা অর্থনৈতিক দীনতার মধ্যে আছে তাদের সহযোগীতার উদ্দেশ্যে পরিকল্পনাটি করা হয়েছিলো। |
| 282 | **Fall prey to someone / something** | ***English Meaning:*** *to be harmed or affected in a bad way by (someone or something).*<br>***Bangla Meaning:*** *আক্রান্ত হওয়া বা শিকারে পরিণত হওয়া* | **Ex. Sentence:** We worry that our children will fall prey to the influence of bad kids.<br>**Bangla Meaning:** খারাপ বাচ্চাদের সংস্পর্শে এসে আমাদের বাচ্চারাও খারাপ হতে পারে, এটা নিয়ে আমরা উদ্বিগ্ন। |
| 283 | **Fall out** | ***English Meaning:*** *1. (of the hair, teeth, etc.) become detached and drop out.*<br>***Bangla Meaning:*** *১. (চুল, দাঁত ইত্যাদির ক্ষেত্রে) পড়ে যাওয়া* | **Ex. Sentence:** 1. The chemotherapy made her hair fall out.<br>**Bangla Meaning:** ১. কেমোথ্যারাপির ফলে তার মাথা থেকে চুল পড়ে গেছে। |
| | | ***English Meaning:*** *2. have an argument.*<br>***Bangla Meaning:*** *২. তর্কে জড়ানো* | **Ex. Sentence:** 2. He left home after falling out with his parents.<br>**Bangla Meaning:** ২. সে তার বাবা-মায়ের সাথে তর্ক করে বাড়ি ছেড়ে চলে গেছে। |
| | | ***English Meaning:*** *3. Leave one's place in a military formation, or on parade.*<br>***Bangla Meaning:*** *৩. সামরিক কায়দায় কোন স্থান ত্যাগ* | **Ex. Sentence:** 3. The two policemen at the rear fell out of the formation.<br>**Bangla Meaning:** ৩. পিছনের দুইজন পুলিশ সদস্য তাদের ফরমেশন থেকে বাইরে বের হয়ে গিয়েছিল। |
| 284 | **Far and away** | ***English Meaning:*** *by a very large amount.*<br>***Bangla Meaning:*** *খুবই বেশি মাত্রায় / অতুলনীয়* | **Ex. Sentence:** He is far and away the most accomplished player.<br>**Bangla Meaning:** খেলোয়াড় হিসেবে তার অর্জন অতুলনীয়। |
| 285 | **Far and wide** | ***English Meaning:*** *over a large area / everywhere.*<br>***Bangla Meaning:*** *দিগন্ত জুড়ে / সর্বত্র* | **Ex. Sentence:** His reputation as a scholar spread far and wide.<br>**Bangla Meaning:** বিদ্বান হিসেবে তার সুনাম দিকে দিকে ছড়িয়ে পড়েছে। |
| 286 | **Feel (or look) small** | ***English Meaning:*** *feel humiliated, stupid, or insignificant*<br>***Bangla Meaning:*** *অপমানিত ও বোকা অনুভব করা / গুরুত্বহীন বোধ করা* | **Ex. Sentence:** Their success makes him feel small to himself.<br>**Bangla Meaning:** তাদের সাফল্যে সে যেন নিজের কাছেই ছোটো ও গুরুত্বহীন অনুভব করছে। |
| 287 | **Fight shy of** | ***English Meaning:*** *to try to avoid something.*<br>***Bangla Meaning:*** *কোনোকিছু এড়িয়ে চলা* | **Ex. Sentence:** Why do you fight shy of me?<br>**Bangla Meaning:** তুমি আমাকে এড়িয়ে চলছো কেন? |
| 288 | **Find fault (with)** | ***English Meaning:*** *to criticize someone or something.*<br>***Bangla Meaning:*** *খুঁত ধরা* | **Ex. Sentence:** She could always find fault with someone after only one date.<br>**Bangla Meaning:** একদিনের সাক্ষাতেই সে সবার খুঁত ধরতে পারে। |
| 289 | **First and foremost** | ***English Meaning:*** *most importantly; more than anything else.*<br>***Bangla Meaning:*** *সর্বাধিক গুরুত্বপূর্ণ; প্রথমে এবং সর্বাগ্রে* | **Ex. Sentence:** He considered himself first and foremost a writer. |

ঘরে বসে দেশের প্রথম ও সর্ববৃহৎ প্রতিযোগিতামূলক প্ল্যাটফর্মে বি.সি.এস ও অন্যান্য চাকরির প্রস্তুতি নিতে
Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com

| | | | |
|---|---|---|---|
| | | | **Bangla Meaning:** সে নিজেকে সর্বাগ্রে একজন লেখক হিসেবে দেখে। |
| 290 | **First language** | ***English Meaning:*** *a person's native language / the language that someone learns to speak first.* ***Bangla Meaning:*** *সগোত্রের ভাষা / যে ভাষায় সবার আগে কথা বলতে শিখে* | **Ex. Sentence:** We speak Bangla as our first language. **Bangla Meaning:** প্রথম ভাষা হিসাবে আমরা বাংলায় কথা বলি। |
| 291 | **Fish in the troubled water** | ***English Meaning:*** *to try to win an advantage from a difficult situation or from someone else's problems.* ***Bangla Meaning:*** *ঘোলা জলে মাছ শিকার / পরিস্থিতির সুযোগ নেওয়া* | **Ex. Sentence:** He wanted to fish in the troubled water. **Bangla Meaning:** সে ঘোলা জলে মাছ শিকার করতে চেয়েছিলো। |
| 292 | **Fit as a fiddle** | ***English Meaning:*** *to be very healthy and strong.* ***Bangla Meaning:*** *খুব ভালো অবস্থায় থাকা / সুস্থ সবল থাকা* | **Ex. Sentence:** Though he is grown old, he is fit as a fiddle. **Bangla Meaning:** যদিও সে বৃদ্ধ হয়ে গেছে, তবুও সে সুস্থ সবল আছে। |
| 293 | **Flesh and blood** | ***English Meaning:*** *living being with human emotions or frailties / people.* ***Bangla Meaning:*** *রক্তমাংসের মানুষ / শরীর* | **Ex. Sentence:** How can a man of flesh and blood tolerate such ill treatment? **Bangla Meaning:** দেহে রক্ত আছে এমন মানুষ কিভাবে এই অপমান সহ্য করতে পারে? |
| 294 | **Footloose and fancy-free** | ***English Meaning:*** *able to travel freely and do as one pleases due to a lack of responsibilities or commitments.* ***Bangla Meaning:*** *মুক্ত স্বাধীন জীবন / বেকার* | **Ex. Sentence:** I am footloose and fancy-free—I can follow my job wherever it takes me. **Bangla Meaning:** আমি যেহেতু মুক্ত ও স্বাধীন জীবন-যাপন করছি, সেহেতু আমি যেকোন যায়গায় যেতে পারবো। |
| 295 | **For good** | ***English Meaning:*** *forever / definitively* ***Bangla Meaning:*** *চিরতরে / স্থায়ীভাবে* | **Ex. Sentence:** Nabid is leaving Bangladesh for good. **Bangla Meaning:** নাবিদ স্থায়ীভাবে বাংলাদেশ ছেড়ে চলে যাচ্ছে। |
| 296 | **For the sake of** | ***English Meaning:*** *do it for that purpose or in order to achieve that result.* ***Bangla Meaning:*** *জন্যে, নিমিত্তে* | **Ex. Sentence:** For the sake of historical accuracy, please permit us to state the true facts. **Bangla Meaning:** অনুগ্রহ করে, ঐতিহাসিক যথাযথতা জন্য আমাদেরকে সত্য গুলো তুলে ধরার অনুমতি দিন। |
| 297 | **For the time being** | ***English Meaning:*** *for the present, until some other arrangement is made.* ***Bangla Meaning:*** *বর্তমান সময়ের জন্য* | **Ex. Sentence:** The situation seems to be peaceful, for now at least. **Bangla Meaning:** অন্তত এই সময়ের জন্য পরিস্থিতি শান্ত মনে হচ্ছে। |
| 298 | **Foster father** | ***English Meaning:*** *a man in relation to the child or children whom he is fostering.* ***Bangla Meaning:*** *পালক পিতা* | **Ex. Sentence:** His foster father was an excellent man. **Bangla Meaning:** তার পালক পিতা অসাধারণ একজন মানুষ ছিলেন। |
| 299 | **Free and easy** | ***English Meaning:*** *informal and relaxed.* ***Bangla Meaning:*** *অনাড়ম্বর ও অকপট* | **Ex. Sentence:** Enjoy the free and easy lifestyle. **Bangla Meaning:** স্বচ্ছন্দ্যময় জীবন যাত্রা উপভোগ করো। |
| 300 | **From cradle to grave** | ***English Meaning:*** *from the beginning until the end of life.* ***Bangla Meaning:*** *একজনের সম্পূর্ণ জীবনকাল / দোলনা থেকে কবর পর্যন্ত* | **Ex. Sentence:** She lived in the same village from the cradle to the grave. **Bangla Meaning:** সে দোলনা থেকে কবর পর্যন্ত এই গ্রামেই বাস করেছে। |
| 301 | **From head to toe (or foot)** | ***English Meaning:*** *completely covering your body.* ***Bangla Meaning:*** *আপাদমস্তক* | **Ex. Sentence:** The dog was covered in mud from head to toe. **Bangla Meaning:** কুকুরটির সারা শরীর কাদায় মাখামাখি হয়ে ছিলো। |
| 302 | **Full of oneself** | ***English Meaning:*** *thinking of oneself is very important in a way that annoys other people.* ***Bangla Meaning:*** *নিজের ব্যাপারে খুব উচ্চ ধারণা পোষণ করা* | **Ex. Sentence:** She never stops talking about herself and is full of herself. **Bangla Meaning:** সে কখনোই নিজের ব্যাপারে কথা বলা বন্ধ করে না এবং নিজের ব্যাপারে খুব উচ্চ ধারণা পোষণ করে। |

| | | | |
|---|---|---|---|
| 303 | **Functus officio** | ***English Meaning:*** *no longer holding office or having official authority.*<br>***Bangla Meaning:*** *দায়িত্বে নেই / দায়িত্ব থেকে অব্যাহতি প্রাপ্ত* | **Ex. Sentence:** Once a court has passed a valid sentence after a lawful hearing, it is functus officio and cannot reopen the case.<br>**Bangla Meaning:** আদালত আইনানুগ শুনানির পর রায় দিয়ে দিলে তার দায়িত্ব এখানেই শেষ এবং এই মামলা আর খুলতে পারবে না। |
| 304 | **Gain ground** | ***English Meaning:*** *become more popular or accepted / to make progress.*<br>***Bangla Meaning:*** *জনপ্রিয় হওয়া বা গ্রহণযোগ্যতা পাওয়া / অগ্রসর হওয়া; উন্নতি করা* | **Ex. Sentence:** The company has been gaining ground on its competitors.<br>**Bangla Meaning:** সংস্থাটি তার প্রতিদ্বন্দ্বীদের চেয়ে এগিয়ে যাচ্ছে। |
| 305 | **Get along with** | ***English Meaning:*** *have a harmonious or friendly relationship.*<br>***Bangla Meaning:*** *বন্ধুত্বপূর্ণ সম্পর্ক, সুসম্পর্ক* | **Ex. Sentence:** They seem to get along pretty well.<br>**Bangla Meaning:** মনে হচ্ছে তাদের মধ্যে খুব ভালো সম্পর্ক বিদ্যমান আছে। |
| 306 | **Get away with** | ***English Meaning:*** *escape blame, punishment, or undesirable consequences for (an act that is wrong or mistaken).*<br>***Bangla Meaning:*** *(অপ্রত্যাশিত কিছু থেকে) পলায়ন করা* | **Ex. Sentence:** If he thinks he can get away with cheating me, he's very much mistaken.<br>**Bangla Meaning:** সে যদি ভাবে আমাকে ধোকা দিয়ে পালিয়ে যাবে, এটা তার খুব ভ্রান্ত ধারণা। |
| 307 | **Get over** | ***English Meaning:*** *to get better after an illness, or feel better after something / recover / overcome.*<br>***Bangla Meaning:*** *আরোগ্য লাভ করা / সামলে উঠা / কাটিয়ে উঠা* | **Ex. Sentence:** It took him years to get over the shock of his wife's death.<br>**Bangla Meaning:** তার স্ত্রীর মৃত্যু শোক কাটিয়ে উঠতে তার কয়েক বছর লেগে গিয়েছিল। |
| 308 | **Get rid of** | ***English Meaning:*** *take action so as to be free of.*<br>***Bangla Meaning:*** *মুক্তি লাভ করা, পরিত্রাণ লাভ করা* | **Ex. Sentence:** We have been campaigning to get rid of the car tax for 20 years.<br>**Bangla Meaning:** আমরা ২০ বছর ধরে গাড়ির উপর কর ছাড়ের জন্য প্রচারণা চালিয়ে যাচ্ছি। |
| 309 | **Gift of the gab** | ***English Meaning:*** *the ability to speak with eloquence and fluency / the ability to speak easily and confidently.*<br>***Bangla Meaning:*** *বাকপটু হওয়া / আত্মবিশ্বাসের সাথে কথা বলার ক্ষমতা* | **Ex. Sentence:** She's got the gift of the gab - she should work in sales and marketing.<br>**Bangla Meaning:** সে খুব বাকপটু, তার সেলস এবং মার্কেটিং এ কাজ করা উচিত। |
| 310 | **Give (or lend) a hand** | ***English Meaning:*** *assist in an action or enterprise.*<br>***Bangla Meaning:*** *সহযোগিতা করা* | **Ex. Sentence:** The policemen lent a hand in getting the stretcher up the steps.<br>**Bangla Meaning:** স্ট্রেচার উপরে নিয়ে যেতে পুলিশটি সাহায্য করলো। |
| 311 | **Give away something** | ***English Meaning:*** *to tell a secret or show your feelings unintentionally.*<br>***Bangla Meaning:*** *গোপন কথা বলে দেওয়া / অনিচ্ছাকৃতভাবে মনের ভাব ব্যক্ত করা* | **Ex. Sentence:** The look on her face gave her away.<br>**Bangla Meaning:** তার মুখভঙ্গিই সব বলে দিচ্ছে। |
| 312 | **Give in / up** | ***English Meaning:*** *cease fighting or arguing / admit defeat*<br>***Bangla Meaning:*** *পরাজয় মেন নেওয়া / বশ্যতা স্বীকার করা* | **Ex. Sentence:** He reluctantly gave in to the pressure.<br>**Bangla Meaning:** সে চাপের মুখে নতী স্বীকার করলো। |
| 313 | **Give way** | ***English Meaning:*** *1. collapse or break*<br>***Bangla Meaning:*** *ভেঙে পড়া*<br>***English Meaning:*** *2. be replaced or superseded by*<br>***Bangla Meaning:*** *প্রতিস্থাপিত হওয়া*<br>***English Meaning:*** *3. to allow other vehicles to go past.*<br>***Bangla Meaning:*** *রাস্তা ছেড়ে দেওয়া* | **Ex. Sentence:** You have to give way to traffic coming from the right.<br>**Bangla Meaning:** তোমাকে ডান দিক থেকে আসা গাড়িগুলোকে রাস্তা ছেড়ে দিতে হবে। |

| | | | |
|---|---|---|---|
| 314 | **Give one's right arm** | ***English Meaning:*** *used to convey how much one would like to have or do something.* ***Bangla Meaning:*** *কোনো কিছু পেলে বা করতে পারলে খুশির তীব্রতা বুঝাতে / যারপর নাই খুশি হওয়া* | **Ex. Sentence:** I would give my right arm to meet the president. **Bangla Meaning:** রাষ্ট্রপতির সাথে দেখা করতে পারলে যারপরনাই খুশি হতাম। |
| 315 | **Go along with** | ***English Meaning:*** *to support an idea, or to agree with someone's opinion.* ***Bangla Meaning:*** *একমত হওয়া* | **Ex. Sentence:** The G7 will decide the matter, and the IMF is expected to go along with the decision. **Bangla Meaning:** জি৭ এই ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করবে এবং আই.এম.এফ এই সিদ্ধান্তের সাথে একমত হবে বলে আশা করা যায়। |
| 316 | **Go all out** | ***English Meaning:*** *to put all someone's energy or enthusiasm into what they are doing.* ***Bangla Meaning:*** *সর্বোচ্চ চেষ্টা করা* | **Ex. Sentence:** His company always went all out to make the customer happy. **Bangla Meaning:** তার কোম্পানি গ্রাহকদেরকে সন্তুষ্ট করার জন্য সর্বাত্মক চেষ্টা করে। |
| 317 | **Go in for** | ***English Meaning:*** *like or habitually take part in an activity / to have or show an interest in or a liking for.* ***Bangla Meaning:*** *পছন্দ অথবা অভ্যাস থেকে অংশ নেওয়া / আগ্রহ প্রকাশ করা* | **Ex. Sentence:** Are you planning to go in for the 100 metres race? **Bangla Meaning:** তুমি কি একশো মিটার দৌড়ে অংশ নিতে চাচ্ছো? |
| 318 | **Go one's own way / Have it one's (own) way / Go or Take one's own way** | ***English Meaning:*** *act independently or as one wishes, especially against contrary advice.* ***Bangla Meaning:*** *বিশেষত অন্যদের কথায় কর্ণপাত না করে স্বাধীনভাবে চলা বা কাজ করা / নিজের ইচ্ছে মতো চলা* | **Ex. Sentence:** She was the kind of woman who always went her own way. **Bangla Meaning:** তিনি এমন একজন নারী যে সবসময় নিজের মনমতো চলেছেন। |
| 319 | **Go over** | ***English Meaning:*** *consider / examine / check something.* ***Bangla Meaning:*** *বিবেচনা করা / খতিয়ে দেখা / পরীক্ষা করা* | **Ex. Sentence:** I want to go over these plans with you again. **Bangla Meaning:** আমি তোমার সাথে এই পরিকল্পনা আবার খতিয়ে দেখতে চাই। |
| 320 | **Go through** | ***English Meaning:*** *search through or examine methodically.* ***Bangla Meaning:*** *খোঁজা / খতিয়ে দেখা* | **Ex. Sentence:** I'm going through my wardrobe and throwing out all the clothes I don't wear any more. **Bangla Meaning:** আমি আমার ওয়্যার ড্রোব ঘেটে দেখছি এবং যেসব কাপড় আমি পরি না সেসব ফেলে দিচ্ছি। |
| 321 | **Go through something** | ***English Meaning:*** *undergo a difficult period or experience.* ***Bangla Meaning:*** *কষ্টকর সময় / অবস্থার মধ্য দিয়ে যাওয়া* | **Ex. Sentence:** I've been going through a bad patch recently. **Bangla Meaning:** ইদানিং আমার খারাপ সময় যাচ্ছে। |
| 322 | **Go to the dogs** | ***English Meaning:*** *to get into a very bad situation.* ***Bangla Meaning:*** *গোল্লায় যাওয়া* | **Ex. Sentence:** The country is going to the dogs. **Bangla Meaning:** দেশটা গোল্লায় যাচ্ছে। |
| 323 | **Go up in smoke / end up in smoke** | ***English Meaning:*** *to be wasted / come to nothing.* ***Bangla Meaning:*** *নিষ্ফল হওয়া / ব্যর্থতায় পর্যবসিত হওয়া* | **Ex. Sentence:** When the business went bankrupt, twenty years of hard work went up in smoke. **Bangla Meaning:** বিশ বছরের কঠোর পরিশ্রম ব্যর্থতায় পর্যবসিত হলো যখন এই ব্যবসা দেউলিয়া হয়ে গেলো। |
| 324 | **Golden age** | ***English Meaning:*** *a period of time, sometimes imaginary, when everyone was happy, or when a particular art, business, etc. was very successful.* ***Bangla Meaning:*** *স্বর্ণযুগ / সুখের সময়* | **Ex. Sentence:** She was an actress from the golden age of the cinema. **Bangla Meaning:** তিনি চলচ্চিত্রের স্বর্ণযুগের একজন অভিনেত্রী। |
| 325 | **Grasp / Clutch / Catch at a straw (s)** | ***English Meaning:*** *to be willing to try anything to improve a difficult or unsatisfactory situation, even if it has little chance of success.* ***Bangla Meaning:*** *খড়কুটো আঁকড়ে ধরা* | **Ex. Sentence:** She offered to take a pay cut to keep her job, but she was just clutching at straws. **Bangla Meaning:** সে তার চাকুরিটা বাঁচানোর জন্য তার বেতন কমানোর প্রস্তাব দিয়েছিল, কিন্তু এটা ছিল খড়কুটো আঁকড়ে থাকার চেষ্টা। |

Live MCQ
সঠিক প্রস্তুতি, সহজ প্রিলি

| | | | |
|---|---|---|---|
| 326 | **Habeas corpus** | ***English Meaning:*** *the right of a citizen to obtain a writ of habeas corpus as a protection against illegal imprisonment.*<br>***Bangla Meaning:*** *বিনা বিচারে আটক না থাকার অধিকার* | **Ex. Sentence:** Habeas corpus should not be denied.<br>**Bangla Meaning:** বিনা বিচারে আটক না থাকার অধিকার প্রত্যাখ্যান করা উচিত না। |
| 327 | **Half a chance** | ***English Meaning:*** *the slightest opportunity.*<br>***Bangla Meaning:*** *ক্ষীণতম সুযোগ / কিছু সুযোগ* | **Ex. Sentence:** Given half a chance he can make anything work.<br>**Bangla Meaning:** সামান্য সুযোগ পেলে সে যেকোনো কিছু করতে পারে। |
| 328 | **Hand in glove / hand and glove** | ***English Meaning:*** *working together, often to do something dishonest / in close collusion or association.*<br>***Bangla Meaning:*** *সহযোগী হিসেবে গভীর সম্পর্ক / খারাপ কাজ করার সঙ্গী* | **Ex. Sentence:** 1. It was rumoured at the time that some of the gangs were working hand in glove with the police.<br>**Bangla Meaning:** ১. তখন একটা গুজব ছড়িয়েছিলো যে পুলিশের সাথে নাকি কিছু গ্যাং ঘনিষ্টভাবে কাজ করছে।<br>**Ex. Sentence:** 2. They were working hand in glove with our enemies.<br>**Bangla Meaning:** ২. তাড়া আমাদের শত্রুদের সাথে হাত মিলিয়ে কাজ করছিলো। |
| 329 | **Hang around / about** | ***English Meaning:*** *spend time aimlessly; wait around.*<br>***Bangla Meaning:*** *ইতস্তত ঘুরে বেড়ানো* | **Ex. Sentence:** Teenagers hang around on street corners.<br>**Bangla Meaning:** রাস্তার মোড়ে কিশোর বয়সের ছেলেরা এদিক সেদিক ঘুরে বেড়ায়। |
| 330 | **Hard and fast** | ***English Meaning:*** *(of a rule or a distinction made) fixed and definitive.*<br>***Bangla Meaning:*** *বাঁধা-ধরা / অপরিবর্তনীয় ভাবে বিধিবদ্ধ* | **Ex. Sentence:** There are no hard and fast rules about that.<br>**Bangla Meaning:** এ ব্যাপারে কোনো বাঁধা-ধরা নিয়ম নেই। |
| 331 | **Hard time** | ***English Meaning:*** *a long or difficult prison sentence.*<br>***Bangla Meaning:*** *দীর্ঘ / কঠিন কারাবাসের সাজা* | **Ex. Sentence:** He could be facing hard time for his crimes.<br>**Bangla Meaning:** তার অপরাধের জন্য সে খুব দীর্ঘ / কঠিন কারাবাসের সাজা পেতে পারে। |
| 332 | **Hard up** | ***English Meaning:*** *short of money / having very little money.*<br>***Bangla Meaning:*** *দরিদ্র / অভাবগ্রস্থ / স্বচ্ছল নয়* | **Ex. Sentence:** I'm too hard up to buy fancy clothes.<br>**Bangla Meaning:** দামি দামি জামা কাপড় কেনার মত টাকাপয়সা নেই আমার। |
| 333 | **Have / Gain the upper hand** | ***English Meaning:*** *1. have the advantage over someone or something.*<br>***Bangla Meaning:*** *১. কোন কিছু / কারোর উপর সুবিধা নেওয়া*<br>***English Meaning:*** *2. gain control over someone or something.*<br>***Bangla Meaning:*** *২. কারোর বা কোন কিছুর উপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করা* | **Ex. Sentence:** He usually has the upper hand because he's older.<br>**Bangla Meaning:** সে বড় হওয়ার কারণে সবসময়ই সুবিধা পায়। |
| 334 | **Have a screw loose** | ***English Meaning:*** *be slightly eccentric or mentally disturbed / to be mentally unbalanced.*<br>***Bangla Meaning:*** *কিছুটা উদ্ভট / পাগলাটে / মানসিকভাবে অসুস্থ* | **Ex. Sentence:** Her brother definitely has a screw loose – I don't really trust him.<br>**Bangla Meaning:** তার ভাইয়ের মাথায় নিশ্চিতভাবেই সমস্যা আছে, আমি তাকে বিশ্বাস করি না। |
| 335 | **Have butterflies in stomach** | ***English Meaning:*** *to feel very nervous, usually about something you are going to do.*<br>***Bangla Meaning:*** *খুব বিচলিত বোধ করা* | **Ex. Sentence:** I had terrible butterflies before I gave that talk in Venice.<br>**Bangla Meaning:** ভেনিসে কথা বলার / বক্তব্য দেওয়ার আগে আমি খুব বিচলিত ছিলাম। |
| 336 | **Have feet of clay** | ***English Meaning:*** *to have a bad quality that you keep hidden.*<br>***Bangla Meaning:*** *যে দোষ লুকিয়ে রাখা হয়* | **Ex. Sentence:** Some of the greatest geniuses in history had feet of clay.<br>**Bangla Meaning:** ইতিহাসের সবচেয়ে মেধাবিদেরও অনেক গুপ্ত দোষ / কমতি / ত্রুটি ছিলো। |

ঘরে বসে দেশের প্রথম ও সর্ববৃহৎ প্রতিযোগিতামূলক প্ল্যাটফর্মে বি.সি.এস ও অন্যান্য চাকরির প্রস্তুতি নিতে
Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com

| | | | |
|---|---|---|---|
| 337 | **Have one's hands full** | ***English Meaning:*** *have as much work as one can do.*<br>***Bangla Meaning:*** *এত ব্যস্ত থাকা যে অন্য কিছু করার সুযোগ না পাওয়া* | **Ex. Sentence:** I'd love to help but I've got my hands full.<br>**Bangla Meaning:** সহযোগিতা করতে পারলে আমি খুশি হতাম, কিন্তু আমি খুবই ব্যস্ত। |
| 338 | **Have one's head in the clouds** | ***English Meaning:*** *(of a person) out of touch with reality / daydreaming.*<br>***Bangla Meaning:*** *পরিস্থিতি সম্পর্কে পুর্ণ ধারণা না রাখা / আকাশ কুসুম কল্পনা* | **Ex. Sentence:** He's always got his head in the clouds.<br>**Bangla Meaning:** সে সর্বদাই দিবা-স্বপ্নে বিভোর থাকে। |
| 339 | **Head over ears** | ***English Meaning:*** *deeply*<br>***Bangla Meaning:*** *গভীরভাবে* | **Ex. Sentence:** He is in head over ears debt.<br>**Bangla Meaning:** সে খুব ঋণগ্রস্ত। |
| 340 | **Head over heels (in love)** | ***English Meaning:*** *completely in love / madly in love.*<br>***Bangla Meaning:*** *গভীরভাবে একজনের প্রেমে পরা / প্রেমে মজে যাওয়া* | **Ex. Sentence:** Zakir fell head over heels in love with Zarin.<br>**Bangla Meaning:** জাকির জারিনের প্রেমে হাবুডুবু খেয়েছিল। |
| 341 | **Heart and soul** | ***English Meaning:*** *the whole of one's energy and passion / completely.*<br>***Bangla Meaning:*** *সর্বান্তঃকরণে / সম্পূর্ণরূপে / গভীরভাবে* | **Ex. Sentence:** She loves those children heart and soul.<br>**Bangla Meaning:** সে ওই বাচ্চাগুলোকে খুব ভালোবাসে। |
| 342 | **Herculean task** | ***English Meaning:*** *the task which requires extremely great strength or effort.*<br>***Bangla Meaning:*** *খুব কঠিন কাজ যা করতে অনেক শক্তি এবং প্রচেষ্টার প্রয়োজন হয়।* | **Ex. Sentence:** To do this project within the deadline is a herculean task.<br>**Bangla Meaning:** সময়সীমার মধ্যে এই প্রজেক্টের কাজ শেষ করতে খুব কষ্ট করতে হবে। |
| 343 | **High spirits** | ***English Meaning:*** *very happy and excited.*<br>***Bangla Meaning:*** *খুব খুশি এবং আগ্রহী / উচ্ছ্বসিত* | **Ex. Sentence:** All the children were in high spirits on the last day of school.<br>**Bangla Meaning:** স্কুলের শেষদিনে বাচ্চারা খুব উচ্ছ্বসিত ছিলো। |
| 344 | **Hold water** | ***English Meaning:*** *(of a statement, theory, or line of reasoning) appear to be valid, sound, or reasonable / to stand up under criticism or analysis.*<br>***Bangla Meaning:*** *গ্রহণযোগ্য / প্রমাণ সাপেক্ষে টিকে থাকা / ধোপে টিকে থাকা* | **Ex. Sentence:** This argument just does not hold water.<br>**Bangla Meaning:** এই যুক্তি তর্ক ধোপে টিকে নি। |
| 345 | **Hole - and - corner** | ***English Meaning:*** *attempting to avoid public notice / secret.*<br>***Bangla Meaning:*** *জনসম্মুখে না আসা / গোপন করা / চোরাগুপ্তা* | **Ex. Sentence:** This is a hole-and-corner wedding.<br>**Bangla Meaning:** এটা একটা গোপন বিয়ে। |
| 346 | **Homemaker** | ***English Meaning:*** *a person, especially a woman, who manages a home.*<br>***Bangla Meaning:*** *টাকা আয় করার উদ্দেশ্যে চাকরি না করে যে ঘরের কাজ করে / গৃহিণী* | **Ex. Sentence:** Kakoli gave up her professional job and became a full-time homemaker.<br>**Bangla Meaning:** কাকলি তার চাকরি ছেড়ে দিয়ে এখন পুরোদস্তর গৃহিণী। |
| 347 | **Hot potato** | ***English Meaning:*** *a controversial issue or situation which is awkward to deal with.*<br>***Bangla Meaning:*** *এমন কোনো বিষয় যার বিহিত করা দুরূহ বা অপ্রীতিকর* | **Ex. Sentence:** The abortion issue is a political hot potato in the United States.<br>**Bangla Meaning:** গর্ভপাত যুক্তরাষ্ট্রের এমন একটি রাজনৈতিক বিষয় যার বিহিত করা দুরূহ। |
| 348 | **Hotchpotch** | ***English Meaning:*** *a confused mixture of different things.*<br>***Bangla Meaning:*** *বিশৃঙ্খলা / জগাখিচুড়ি* | **Ex. Sentence:** The palace seems to be a complete hotchpotch of architectural styles.<br>**Bangla Meaning:** এই প্রাসাদটি যেন স্থাপত্যশৈলীর এক জগাখিচুড়ি। |
| 349 | **Hush money** | ***English Meaning:*** *money paid so that someone will keep information secret.* | **Ex. Sentence:** He's accused of paying her hush money to keep their affair secret. |

| | | | |
|---|---|---|---|
| | | ***Bangla Meaning:*** *সাধারণত কলঙ্কজনক কোন কিছু চাপা দেওয়ার জন্য প্রদত্ত অর্থ / ঘুষ* | **Bangla Meaning:** তাদের সম্পর্কের বিষয়টা গোপন রাখার টাকা পয়সা দেওয়ার অভিযোগ উঠেছে তার বিরুদ্ধে। |
| 350 | **In (less than) no time** | ***English Meaning:*** *very quickly or very soon.*<br>***Bangla Meaning:*** *খুব শীঘ্র / অচিরে / অবিলম্বে* | **Ex. Sentence:** The book has sold 30,000 copies in no time<br>**Bangla Meaning:** বইটি ত্রিশ হাজার কপি বিক্রি হয়েছে খুব অল্প সময়ের মধ্যেই। |
| 351 | **In a body** | ***English Meaning:*** *all together / as a group.*<br>***Bangla Meaning:*** *সবাই মিলে একসাথে* | **Ex. Sentence:** The soldiers moved swiftly in a body towards the building.<br>**Bangla Meaning:** সৈন্যরা দ্রুতবেগে একসাথে বিল্ডিং এর দিকে অগ্রসর হলো। |
| 352 | **In a nutshell** | ***English Meaning:*** *in the fewest possible words / in brief / in short.*<br>***Bangla Meaning:*** *সংক্ষেপে, অল্প কথায়* | **Ex. Sentence:** She put the matter in a nutshell.<br>**Bangla Meaning:** সে সংক্ষেপে ঘটনাটি বললো। |
| 353 | **In addition to** | ***English Meaning:*** *additionally / furthermore / moreover.*<br>***Bangla Meaning:*** *তদতিরিক্ত / অধিকন্তু / তাছাড়া* | **Ex. Sentence:** In addition to writing the book, she designed the cover page.<br>**Bangla Meaning:** সে বই লেখা ছাড়াও এর প্রচ্ছদও এঁকেছে। |
| 354 | **In black and white** | ***English Meaning:*** *in writing or print / in terms of clearly defined opposing principles or issues.*<br>***Bangla Meaning:*** *কোনো কিছু লিখিতভাবে পেশ করা* | **Ex. Sentence:** I had to believe it, because it was there in black and white.<br>**Bangla Meaning:** আমাকে এটা বিশ্বাস করতে হয়েছে কারণ তা সেখানে লিখিত আকারে ছিলো। |
| 355 | **In case of** | ***English Meaning:*** *in the event of (a particular situation).*<br>***Bangla Meaning:*** *এমন ঘটলে; এমতাবস্থায়* | **Ex. Sentence:** These are the instructions about what to do in case of fire.<br>**Bangla Meaning:** আগুন লাগলে কী করা উচিত তার নির্দেশনা এগুলো। |
| 356 | **In consonance with** | ***English Meaning:*** *in agreement with.*<br>***Bangla Meaning:*** *মিল / একমত* | **Ex. Sentence:** His beliefs are in consonance with the political party's views.<br>**Bangla Meaning:** তার বিশ্বাসের সাথে রাজনৈতিক দলটির দর্শনের মিল আছে। |
| 357 | **In detail** | ***English Meaning:*** *including many facts or aspects of a situation.*<br>***Bangla Meaning:*** *সবিস্তার / পুঙ্খানুপুঙ্খরূপে ব্যাখ্যা করা* | **Ex. Sentence:** She talked in detail about future plans for the school.<br>**Bangla Meaning:** সে এই স্কুলের ভবিষ্যত পরিকল্পনা নিয়ে সবিস্তারে কথা বললো। |
| 358 | **In for a penny, in for a pound** | ***English Meaning:*** *used to express someone's intention to see an undertaking through, however much time, effort, or money this entails.*<br>***Bangla Meaning:*** *যেকোনো মূল্যে সূচিত কাজ সম্পন্ন করতেই হবে* | **Ex. Sentence:** I'm sure we can do this, in for a penny, in for a pound.<br>**Bangla Meaning:** আমি নিশ্চিত যে আমরা এটা যেকোনো মূল্যে করতে পারবো। |
| 359 | **In full swing** | ***English Meaning:*** *at the height of activity.*<br>***Bangla Meaning:*** *জোরকদমে / পুরোদমে* | **Ex. Sentence:** The economic recovery is now in full swing.<br>**Bangla Meaning:** অর্থনৈতিক পুনরুদ্ধার এখন পুরোদমে চলছে। |
| 360 | **In good time** | ***English Meaning:*** *with no risk of being late / very quickly or very soon.*<br>***Bangla Meaning:*** *হাতে যথেষ্ট সময় নিয়ে / দ্রুততার সাথে বা খুব দ্রুত / যথাযথ সময়ে* | **Ex. Sentence:** We'll be at the airport in good time.<br>**Bangla Meaning:** আমরা যথাসময়ে বিমানবন্দরে থাকবো। |
| 361 | **In lieu of** | ***English Meaning:*** *instead of.*<br>***Bangla Meaning:*** *বদলে / পরিবর্তে* | **Ex. Sentence:** Let's play cricket in lieu of going to the cinema.<br>**Bangla Meaning:** চলো সিনেমায় না গিয়ে ক্রিকেট খেলি। |
| 362 | **In low spirits** | ***English Meaning:*** *feeling unhappy.*<br>***Bangla Meaning:*** *বিষণ্ণ, মনমরা* | **Ex. Sentence:** Everyone was in low spirits because of the rainy weather. |

| | | | |
|---|---|---|---|
| | | | **Bangla Meaning:** বর্ষণমুখর আবহাওয়ার জন্য সবাই মনমরা হয়েছিলো। |
| 363 | **In order for / that** | ***English Meaning:*** *so that (commonly used).*<br>***Bangla Meaning:*** *উদ্দেশ্যে* | **Ex. Sentence:** I've made some sandwiches in order for / so that we can have a snack on the way.<br>**Bangla Meaning:** আমি কিছু স্যান্ডউইচ বানিয়েছি যেন আমরা পথিমধ্যে হালকা নাস্তা করতে পারি। |
| 364 | **In order to do something** | ***English Meaning:*** *with the aim or purpose of doing something.*<br>***Bangla Meaning:*** *কিছু করার উদ্দেশ্যে বা অভিপ্রায়ে* | **Ex. Sentence:** He came home early in order to see the children before they went to bed.<br>**Bangla Meaning:** বাচ্চারা ঘুমোতে যাওয়ার আগে যেন তাদেরকে দেখতে পারে তাই সে তাড়াতাড়ি ঘরে ফিরলো। |
| 365 | **In seventh heaven** | ***English Meaning:*** *very happy / ecstatic.*<br>***Bangla Meaning:*** *মহাখুশি* | **Ex. Sentence:** After I was given my first camera I was in seventh heaven.<br>**Bangla Meaning:** আমার প্রথম ক্যামেরা পেয়ে আমি অনেক খুশি হয়েছিলাম। |
| 366 | **In the aftermath** | ***English Meaning:*** *the consequences or after-effects of a significant unpleasant event.*<br>***Bangla Meaning:*** *পরবর্তী প্রভাব* | **Ex. Sentence:** Many more people have died in the aftermath of the explosion.<br>**Bangla Meaning:** বিস্ফোরণের পরবর্তী প্রভাবের কারণে আরো অনেক লোক মারা গিয়েছে। |
| 367 | **In the dark** | ***English Meaning:*** *in a state of ignorance.*<br>***Bangla Meaning:*** *অন্ধকারে রাখা বা থাকা / জানা দরকার এমন জিনিস সম্পর্কে অবহিত নয়* | **Ex. Sentence:** Our boss tends to keep us in the dark most of the time.<br>**Bangla Meaning:** আমাদের বস অধিকাংশ সময়ই আমাদেরকে অন্ধকারে রাখেন। |
| 368 | **In the nick of time** | ***English Meaning:*** *at the last possible moment / only just in time.*<br>***Bangla Meaning:*** *শেষ মুহূর্তে / সন্ধিক্ষণে* | **Ex. Sentence:** We got there just in the nick of time.<br>**Bangla Meaning:** আমরা সেখানে একদম সময়মতো পৌছেছি। |
| 369 | **In the pink** | ***English Meaning:*** *in extremely good health and spirits.*<br>***Bangla Meaning:*** *পূর্ণ স্বাস্থ্যবান / খুব ভালো অবস্থা* | **Ex. Sentence:** After the excellent result, I am in the pink now.<br>**Bangla Meaning:** অসাধারণ একটা ফলাফল পেয়ে আমি এখন খুব ভালো আছি। |
| 370 | **In the teeth of** | ***English Meaning:*** *directly against / in direct opposition to.*<br>***Bangla Meaning:*** *প্রবল বিরোধিতা / সরাসরি বিরোধিতা* | **Ex. Sentence:** The bill was passed in the teeth of strong opposition.<br>**Bangla Meaning:** প্রবল বিরোধিতা স্বত্ত্বেও বিলটি পাস হলো। |
| 371 | **In the wake of** | ***English Meaning:*** *following (someone or something), especially as a consequence.*<br>***Bangla Meaning:*** *একটা কাজের ফল স্বরূপ কিছু ঘটা / পিছনে পিছনে* | **Ex. Sentence:** Airport security was extra tight in the wake of yesterday's bomb attacks.<br>**Bangla Meaning:** গতকালের বোমা হামলার পর থেকে বিমানবন্দরের নিরাপত্তা জোরদার করা হয়েছে। |
| 372 | **In vain** | ***English Meaning:*** *without success or a result*<br>***Bangla Meaning:*** *নিষ্ফল, বৃথা* | **Ex. Sentence:** We walked on, looking in vain for a taxi.<br>**Bangla Meaning:** আমরা অনেক হেটেঁও একটা ট্যাক্সি খুজে বের করতে পারি নি। |
| 373 | **In view of** | ***English Meaning:*** *because or as a result of; considering.*<br>***Bangla Meaning:*** *অবস্থাদৃষ্টে / পরিপ্রেক্ষিতে* | **Ex. Sentence:** In view of the late hour, we'll have to put off that discussion until our next meeting.<br>**Bangla Meaning:** দেরি হওয়ার বিবেচনায়, পরবর্তী সভা পর্যন্ত আমাদের এই আলোচনাটি স্থগিত করতে হবে। |
| 374 | **In one's heart of hearts** | ***English Meaning:*** *in one's most secret and true thoughts (inmost feelings).*<br>***Bangla Meaning:*** *অন্তরের অন্তঃস্থল থেকে / মনের গভীরের চিন্তা* | **Ex. Sentence:** In their heart of hearts, they knew it was a lie.<br>**Bangla Meaning:** তারা অন্তরের অন্তস্থল থেকে (খুব ভালো করে) জানে যে এটা একটা মিথ্যা। |
| 375 | **In / By fits and starts** | ***English Meaning:*** *with irregular bursts of activity / in an impulsive and irregular manner.*<br>***Bangla Meaning:*** *অনিয়মিত ভাবে ঘটা* | **Ex. Sentence:** If you study by fits and starts you will make no progress.<br>**Bangla Meaning:** তুমি অনিয়মিত অধ্যয়ন করলে কোনো অগ্রগতি লাভ করতে পারবে না। |

| | | | |
|---|---|---|---|
| 376 | **In / under the guise of** | ***English Meaning:*** *by saying or acting as if something is other than what it really is.*<br>***Bangla Meaning:*** *ভান করে / ছদ্মবেশ ধরে* | **Ex. Sentence:** She swindles people under the guise of friendship.<br>**Bangla Meaning:** সে বন্ধুত্বের ছদ্মবেশে মানুষজনের সাথে প্রতারণা করে। |
| 377 | **It's all Greek to me / Greek and Latin** | ***English Meaning:*** *a way of saying that one does not understand something that is said or written*<br>***Bangla Meaning:*** *দুর্বোধ্য / যা বলা বা লেখা হয়েছে তা বুঝা যায় না* | **Ex. Sentence:** What he says is all greek to me.<br>**Bangla Meaning:** সে যা বলে তার সবই আমার কাছে দুর্বোধ্য। |
| 378 | **Jack of all trades and master of none** | ***English Meaning:*** *a person who can do many different types of work but is not an expert in any of them.*<br>***Bangla Meaning:*** *সবজান্তা শমশের / নানা ধরনের কাজ কিছু কিছু জানে কিন্তু কোনটিতেই দক্ষ নয় এমন* | **Ex. Sentence:** An artist with the right technology can become a jack-of-all-trades.<br>**Bangla Meaning:** একজন শিল্পী / কারিগর সঠিক প্রযুক্তির সহায়তা পেলে অনেক কিছুই করতে পারবে। |
| 379 | **Keep (someone) at it** | ***English Meaning:*** *to force or cause (someone) to continue doing something.*<br>***Bangla Meaning:*** *কাউকে কিছু করতে জোর করা* | **Ex. Sentence:** The coach kept us (hard) at it until late afternoon.<br>**Bangla Meaning:** কোচ আমাদেরকে সন্ধ্যা পর্যন্ত পরিশ্রম করিয়েছেন। |
| 380 | **Keep an account of / Keep books** | ***English Meaning:*** *keep a record of.*<br>***Bangla Meaning:*** *হিসাব রাখা* | **Ex. Sentence:** I kept a weekly account of my workload and activities<br>**Bangla Meaning:** আমি আমার সাপ্তাহিক কাজের চাপ এবং কর্মসূচির একটা হিসাব রাখতাম। |
| 381 | **Keep an eye on someone / something** | ***English Meaning:*** *keep under careful observation / to watch (someone or something) closely.*<br>***Bangla Meaning:*** *কড়া নজর রাখা* | **Ex. Sentence:** Keep an eye on your new servant.<br>**Bangla Meaning:** তোমার নতুন কাজের লোকের উপর নজর রেখো। |
| 382 | **Keep body and soul together** | ***English Meaning:*** *stay alive, especially in difficult circumstances.*<br>***Bangla Meaning:*** *কোনোরকমে (সাধারণত কষ্টেসৃষ্টে) প্রাণধারণ করা* | **Ex. Sentence:** He earns barely enough to keep body and soul together.<br>**Bangla Meaning:** সে কোনমতে চলার মত আয় করতে পারে শুধু। |
| 383 | **Keep from doing / Keep from** | ***English Meaning:*** *to manage to prevent oneself from doing something / cause something to stay out of something.*<br>***Bangla Meaning:*** *আত্মসংবরণ করা* | **Ex. Sentence:** I couldn't keep from smiling when she told me what she'd done.<br>**Bangla Meaning:** যখন বললো যে সে কী করেছে আমি হাসি থামিয়ে রাখতে পারছিলাম না। |
| 384 | **Keep the wolf from the door** | ***English Meaning:*** *to have just enough money to be able to eat and live.*<br>***Bangla Meaning:*** *খেয়ে পড়ে বাঁচার জন্য পর্যাপ্ত অর্থ থাকা* | **Ex. Sentence:** I work part-time to pay the mortgage and keep the wolf from the door.<br>**Bangla Meaning:** বন্ধকগুলো পরিশোধ ও খেয়ে পড়ে বাঁচার জন্য আমাকে একটা খন্ডকালীন চাকুরীও করতে হয়। |
| 385 | **Keep hold of** | ***English Meaning:*** *not to let go of.*<br>***Bangla Meaning:*** *ধরে রাখা; ছেড়ে না-দেওয়া* | **Ex. Sentence:** He kept hold of her hand while they crossed the road.<br>**Bangla Meaning:** তারা রাস্তা পার হওয়ার সময় সে তার হাত ধরে রেখেছিলো। |
| 386 | **Keep in with (someone)** | ***English Meaning:*** *remain on good terms with someone.*<br>***Bangla Meaning:*** *সুসম্পর্ক / বন্ধুত্ব বজায় রেখে চলা* | **Ex. Sentence:** If you want to do well in this company, keep in with the boss.<br>**Bangla Meaning:** যদি কোম্পানিতে ভালো করতে চাও তবে বসের সাথে সুসম্পর্ক বজায় রাখতে হবে। |
| 387 | **Keep (it) up** | ***English Meaning:*** *used to encourage someone to continue doing something.*<br>***Bangla Meaning:*** *উৎসাহ দেয়া / অনুপ্রেরণা যোগানো* | **Ex. Sentence:** Keep up the good work.<br>**Bangla Meaning:** ভালো কাজ করা চালিয়ে যাও। |
